# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Boishakh 13, 1433 Bangla, April 26, 2026, Sunday, No. 113, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has said, there is no alternative to building merit-based, efficient and people-friendly public administration to build desired Bangladesh. (R. Today: 19)

The Prime Minister gives directives for swift rehabilitation for street hawkers recently removed from various parts of Dhaka. (R. Today: 18)

Finance Minister Amir Khasru Mahmud Chowdhury has said, different initiatives are being taken to ensure that benefits of democratization of economy reach to the countrymen. (Jago FM: 14)

Eleven more people have died of measles like symptoms in 24 hours till yersterday. (R. Today: 20)

BKMEA says, production costs in country's ready-made garment sector have increased by more than 20 percent due to rising fuel prices and supply shortages. (Jago FM: 15)

Counter Terrorism and Transnational Crime unit has arrested four suspected members of fraud gang for allegedly swindling money from students by promising access to leaked question papers for ongoing SSC and its equivalent examinations. (Jago FM: 13)

United States has suspended issuance of immigrant visas for citizens of 75 countries, including Bangladesh. (R. Today: 19)

Two Bangladeshi students missing in United States have been reported dead, law enforcement agency has arrested one suspect. (BBC: 09)

Despite extension of ceasefire between Israel and Lebanon, exchange of fire continues. (BBC: 07)

The Iranian Foreign Minister has outlined Tehran's position for a conclusive and lasting ceasefire in a meeting with Pakistan's Army Chief in Islamabad. (BBC: 10)

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**বৈশাখ ১৩, বাংলা ১৪৩৩, এপ্রিল ২৬, ২০২৬, রবিবার, নং- ১১৩, ৫৬তম বছর**

# শিরোনাম

প্রত্যাশিত বাংলাদেশ গড়তে সব রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে মেধাভিত্তিক, দক্ষ ও জনবান্ধব জনপ্রশাসন গড়ে তোলার কোনো বিকল্প নেই বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। (রে. টুডে: ১৯)

রাজধানী ঢাকার বিভিন্ন সড়ক থেকে উচ্ছেদ হওয়া হকারদের দ্রুত পুনর্বাসনের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী। (রে. টুডে: ১৮)

অর্থনীতির সুফল যাতে সমাজের সব স্তরের মানুষের কাছে পৌঁছায়, সে লক্ষ্যে বিভিন্ন উদ্যোগ নেওয়া হচ্ছে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। (জাগো এফএম: ১৪)

জ্বালানির দামবৃদ্ধি ও সরবরাহ সংকটের ফলে দেশের তৈরি পোশাক খাতে উৎপাদন ব্যয় ২০ শতাংশের বেশি বেড়েছে, বলছে বিকেএমইএ। (জাগো এফএম: ২০)

গতকাল পর্যন্ত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে আরও ১১ শিশু মৃত্যু। (রে. টুডে: ১৫)

চলমান এসএসসি ও সমমান পরীক্ষার প্রশ্ন ফাসের গুজব ছড়িয়ে শিক্ষার্থীদের থেকে অর্থ হাতিয়ে নেওয়া চক্রের চার সদস্যকে গ্রেফতার করেছে কাউন্টার টেররিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম। (জাগো এফএম: ১৩)

বাংলাদেশসহ ৭৫টি দেশের নাগরিকদের জন্য অভিবাসী ভিসা দেওয়ার প্রক্রিয়া স্থগিত করেছে যুক্তরাষ্ট্র।(রে. টুডে: ১৯)

যুক্তরাষ্ট্রে নিখোঁজ বাংলাদেশি দুই শিক্ষার্থীর মৃত্যুর খবর নিশ্চিত করেছে আইন-শৃঙ্খলা বাহিনী, সন্দেহভাজনকে আটক। (বিবিসি: ০৯)

ইসরায়েল ও লেবাননের মধ্যে যুদ্ধবিরতির মেয়াদ বাড়ানো হলেও পাল্টাপাল্টি হামলা অব্যাহত রয়েছে। (বিবিসি: ০৭)

ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি পাকিস্তানের সেনাপ্রধান সঙ্গে বৈঠকে যুদ্ধ বন্ধের বিষয়ে নিজেদের অবস্থান তুলে ধরেছেন। (বিবিসি: ১০)

# বিবিসি

## পঞ্চগড়ে পেট্রোল পাম্পে হামলার শিকার ইউএনও

পঞ্চগড়ের দেবীগঞ্জে পেট্রোল পাম্পে হামলার শিকার হয়েছেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা সবুজ কুমার বসাক। এসময় তার সঙ্গে থাকা আনসার সদস্যদেরও মারধর করা হয় বলে জানিয়েছে পুলিশ। শনিবার বিকেলে উপজেলার ভোলাগঞ্জ এলাকায় জান্নাতুল মাওয়া ফিলিং স্টেশনে এই ঘটনা ঘটে। দেবীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সেলিম মালিক বিবিসি বাংলাকে জানান, পেট্রোল পাম্পে দীর্ঘ লাইনে দাঁড়িয়ে থাকা যানবাহনের শৃঙ্খলা ফেরাতে গিয়ে হামলার শিকার হন ইউএনও। "অনেক গাড়ির লাইন দেখে উনি (ইউএনও) বৈধ কাগজপত্র না থাকা কয়েকজনকে জরিমানা করেন। এসময় হঠাৎ করেই কিছু লোকজন তার ওপর হামলা করে। স্থানীয়রা তাকে সেভ করে পাশের একটি বাড়িতে নিয়ে যায়। পরে পুলিশ সেখান থেকে উদ্ধার করে," বিবিসি বাংলাকে বলেন তিনি। জানা গেছে, শনিবার দেবীগঞ্জ উপজেলার পাঁচটি পেট্রোল পাম্পের মধ্যে তিনটিতে জ্বালানি তেল দেওয়া হচ্ছিল। এর ফলে যানবাহনের দীর্ঘ লাইন তৈরি হয়। এক পর্যায়ে মোটরসাইকেল চালকদের লাইনে বিশৃঙ্খলা তৈরি হওয়ায়, পরিস্থিতি নিয়ন্ত্রণে উপজেলা নির্বাহী কর্মকর্তাকে জানান পেট্রোল পাম্পে দায়িত্বরতরা। এসময় ফুয়েল কার্ড এবং বৈধ কাগজপত্র না থাকা কয়েকটি যানবাহনকে জরিমানা করেন পেট্রোল পাম্প পরিদর্শনে আসা উপজেলা নির্বাহী কর্মকর্তা। এই ঘটনায় এখন পর্যন্ত কোনো অভিযোগ দায়ের হয়নি বলে জানিয়েছে পুলিশ। (বিবিসি ওয়েব পেজ: ২৫.০৪.২০২৬ রুবাইয়া)

## এসএসসির প্রশ্নপত্র ফাঁসের অপপ্রচার নিয়ে সতর্ক করলো শিক্ষা বোর্ড

এসএসসি ও সমমান পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ভুয়া ও বিভ্রান্তিকর তথ্যের বিষয়ে শিক্ষার্থী ও অভিভাবকদের সতর্ক করলো ঢাকা শিক্ষা বোর্ড। শনিবার এই সংক্রান্ত একটি সতর্কীকরণ বিজ্ঞপ্তি দিয়েছে শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ। যেখানে দাবি করা হয়েছে যে, সামাজিক মাধ্যমে প্রশ্নফাঁসের গুজব ছড়িয়ে জনগণকে বিভ্রান্ত করার চেষ্টা চালাচ্ছে একটি অসাধু চক্র। পুলিশের সিটি ইন্টেলিজেন্স বিভাগ সামাজিক মাধ্যমে 'এসএসসি ২০২৬ প্রশ্নপত্র ফাঁস গ্রুপ' নামের একটি ফেসবুক পেজ শনাক্ত করেছে বলেও বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়। এছাড়া, প্রশ্ন ফাঁসের মিথ্যা প্রচার চালানোর মাধ্যমে সরকারের ভাবমূর্তি নষ্ট করা এবং অবৈধ আর্থিক লাভ অপচেষ্টার অভিযোগে চারজনকে গ্রেফতার করা হয়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ২৫.০৪.২০২৬ রুবাইয়া)

বাংলাদেশ হামের 'উচ্চ ঝুঁকিতে' বলতে কী বুঝিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা**?**

দেড় মাসেরও বেশি সময় ধরে বাংলাদেশের হাম পরিস্থিতি জটিল আকার ধারণ করেছে। প্রায় প্রতিদিনই রাজধানী ঢাকাসহ সারা দেশের হাসপাতালগুলোতে হাম বা এর উপসর্গ নিয়ে অন্যান্য সময়ের তুলনায় অনেক বেশি রোগী আসছে। সেই সাথে প্রতিদিনই হাম কিংবা উপসর্গ নিয়ে মারা যাচ্ছে শিশুরা। সর্বশেষ শনিবারও সারা দেশে হামে আক্রান্ত ও লক্ষণ নিয়ে মারা গেছে অন্তত ১১ জন। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য বলছে, গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামের উপসর্গে ২০৯ শিশুর মৃত্যু হলো। এ সময়ে হামে আক্রান্ত হয়ে ৪২ শিশুর মৃত্যু হয়েছে। এমন অবস্থায় বাংলাদেশের হাম পরিস্থিতি নিয়ে বৃহস্পতিবার বিশ্ব স্বাস্থ্য সংস্থা বা ডাব্লিউএইচও উদ্বেগ জানিয়ে একটি প্রতিবেদন প্রকাশ করেছে। হামের বর্তমান পরিস্থিতিকে জাতীয়ভাবে 'উচ্চ ঝুঁকিপূর্ণ' বলেও মূল্যায়ন করছে সংস্থাটি। বৃহস্পতিবার বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রতিবেদনে বলা হয়েছে, দেশের ৬৪টি জেলার মধ্যে ৫৮টিতেই সংক্রমণ ছড়িয়ে পড়েছে। টিকার তীব্র ঘাটতি এবং ক্রমবর্ধমান মৃত্যুহার নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছে ডাব্লিউএইচও। বিশ্ব স্বাস্থ্য সংস্থা এই রিপোর্টে, বর্তমানে বাংলাদেশের হাম পরিস্থিতির বাস্তব অবস্থা, হাম আক্রান্ত হলে করণীয়, টিকাদান কর্মসূচির পরিসর বাড়ানোসহ বেশ কিছু জরুরি পরামর্শও দিয়েছে সংস্থাটি। জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা বলছেন, এই ধরনের রোগের ক্ষেত্রে বিশ্ব স্বাস্থ্য সংস্থা যখন 'উচ্চ ঝুঁকি' হিসেবে উল্লেখ করে, তা এক অর্থে মহামারিই। যে কারণে সরকারেরই উচিত ছিল, সংকট মোকাবিলায় জরুরি পরিস্থিতি ঘোষণা করা। জনস্বাস্থ্য বিশেষজ্ঞ মুশতাক হোসেন বিবিসি বাংলাকে বলেন, "বিশ্ব স্বাস্থ্য সংস্থা পরিস্থিতিকে উচ্চ ঝুঁকির আখ্যা দেওয়ার পর এ নিয়ে সরকারের জরুরি পরিস্থিতি ঘোষণা করা উচিত ছিল। তাহলে একদিকে যেমন সঠিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করা যেতো, তেমনি সাধারণ মানুষের মধ্যেও সচেতনতা বাড়ানো যেতো।"

তবে স্বাস্থ্য অধিদপ্তর বলছে, জরুরি পরিস্থিতি বা মহামারি ঘোষণা যদি করতে হয়, সেটি বিশ্ব স্বাস্থ্য সংস্থাই করবে। আলাদা করে বাংলাদেশ সেটি করতে পারে না। স্বাস্থ্য অধিদপ্তরের শনিবারের প্রতিবেদনে বলা হয়েছে, চলতি বছরের ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামের উপসর্গ দেখা দিয়েছে ৩০ হাজার ৬০৭ শিশুর শরীরে। এই সময় হামের উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছে ২০ হাজার ৪৭৫ শিশু। ঢাকা ও ঢাকার বাইরে কয়েকটি হাসপাতালের চিকিৎসকদের সাথে কথা বলে জানা গেছে, গত এক মাসেরও বেশি সময় ধরে হামে আক্রান্ত শিশুর সংখ্যা বেড়েছে হাসপাতালগুলোতে। যে কারণে কোনো কোনো হাসপাতালে হাম রোগীদের চিকিৎসায় আলাদা ইউনিটও চালু করা হয়েছে। এক সময়ে বাংলাদেশ থেকে যেই হাম পরিপূর্ণভাবে নির্মূল হয়েছিল, সেটি এত ব্যাপকভাবে ছড়িয়ে পড়লো কীভাবে, সেই প্রশ্নও সামনে আসছে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার রিপোর্টে কী আছে?

গত বৃহস্পতিবার বিশ্ব স্বাস্থ্য সংস্থা যে রিপোর্ট প্রকাশ করেছে সেখানে বলা হয়েছে, ২০২৬ সালের জানুয়ারি থেকে বাংলাদেশে হাম রোগীর সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। হাম পরিস্থিতি নিয়ে গত ৪ এপ্রিল বাংলাদেশের 'ন্যাশনাল আইএইচআর ফোকাল পয়েন্ট' যে-সব তথ্য সরবরাহ করেছে, মূলত তার ভিত্তিতেই প্রতিবেদনটি তৈরি করে জাতিসংঘের এ সংস্থা। রিপোর্টে বলা হয়েছে, গত ১৫ মার্চ থেকে ১৪ এপ্রিল পর্যন্ত এক মাসে ১৯ হাজার ১৬১ জন সন্দেহভাজন রোগী শনাক্ত হয়েছে। এর মধ্যে ল্যাবরেটরিতে নিশ্চিতভাবে হাম শনাক্ত হয়েছে ২ হাজার ৯৭৩ জনের শরীরে। এই রিপোর্টে বলা হয়েছে, দেশের আটটি বিভাগের সবগুলোতেই এবং ৬৪ জেলার মধ্যে ৯১ শতাংশ অর্থাৎ ৫৮টি জেলায়ই হাম আক্রান্ত রোগী শনাক্ত হয়েছে। ১৪ এপ্রিল পর্যন্ত ১৬৬টি সন্দেহভাজন হাম-সংশ্লিষ্ট মৃত্যু এবং ৩০টি নিশ্চিত হাম-সংশ্লিষ্ট মৃত্যু রেকর্ড করা হয়েছে। মোট ১২ হাজার ৩১৮ জন হাসপাতালে ভর্তি হয়েছে এবং ৯ হাজার ৭৭২ জন হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার রিপোর্টে বলা হয়েছে, সারা দেশের আটটি বিভাগের হামে আক্রান্ত রোগীর সংখ্যা সবচেয়ে বেশি ঢাকা বিভাগে। ১৫ মার্চ থেকে সন্দেহভাজন রোগীর সংখ্যা ঢাকা বিভাগে ৮ হাজার ২৬৩। এরপর রয়েছে- রাজশাহী বিভাগে ৩ হাজার ৭৪৭, চট্টগ্রাম বিভাগে ২ হাজার ৫১৪ এবং খুলনা বিভাগে ১ হাজার ৫৬৮ জন। গত মার্চ মাস থেকে হামে আক্রান্ত রোগীর সংখ্যা বৃদ্ধি পাওয়ার পর, ঢাকার শিশু হাসপাতালসহ কয়েকটি হাসপাতালে আলাদা ইউনিটও চালু করা হয়েছে। ঢাকার শহিদ সোহরাওয়ার্দী হাসপাতালের শিশু বিভাগের চিকিৎসক সামিনা তাবাসসুম অনিকা বিবিসি বাংলাকে জানান, ওই হাসপাতালেও ২০০ বেডের একটি বিশেষ ইউনিট চালু হয়েছে। যেখানে হাম আক্রান্তদের চিকিৎসা সেবা দেওয়া হচ্ছে। ঢাকার বাইরের উপজেলা ও বিভাগীয় পর্যায়ের হাসপাতালগুলোতেও হাম আক্রান্ত রোগীর সংখ্যা বেড়েছে।

খুলনার বটিয়াঘাটা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের একজন চিকিৎসক জানান, উপসর্গ নিয়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এসেছিলেন এমন কারো কারো হাম আক্রান্ত হওয়ার রিপোর্টও তারা পেয়েছেন। আক্রান্ত অনেককে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তির তথ্যও জানিয়েছেন ওই চিকিৎসক। তিনি বিবিসি বাংলাকে বলেন, "গত কয়েক বছর ধরে বাংলাদেশে শিশুদের হামের টিকা দেওয়া হয়নি যথাযথভাবে। ভ্যাকসিনের সংকটে এমন পরিস্থিতিতে পৌঁছেছে। শতভাগ না হোক অন্তত ৮০ শতাংশও শিশুকেও যদি সঠিকভাবে ভ্যাকসিন দেওয়া হতো, তাহলে হয়ত পরিস্থিতি এমন পর্যায়ে গিয়ে পৌঁছাত না।" এদিকে, বিশ্ব স্বাস্থ্য সংস্থা এটাও জানিয়েছে, ঢাকায় রোগী বেশি পাওয়া যাচ্ছে ঘনবসতিপূর্ণ বসতি এলাকায়। যেমন ডেমরা, যাত্রাবাড়ী, কামরাঙ্গীরচর, কড়াইল, মিরপুর এবং তেজগাঁও শিল্পাঞ্চল ও বস্তি এলাকায়।

হামের 'উচ্চ ঝুঁকি' বলতে কী বোঝায়?

বিশ্ব স্বাস্থ্য সংস্থা তাদের রিপোর্টে, বাংলাদেশের হাম পরিস্থিতির কথা তুলে ধরার পাশাপাশি, বাংলাদেশ কেন 'উচ্চ ঝুঁকিতে' সেই বিষয়গুলোও তুলে ধরেছে। যেখানে বলা হয়েছে, বাংলাদেশের সবগুলো বিভাগেই এই রোগটি ছড়িয়ে পড়ার কারণে সংক্রমণ আস্তে আস্তে ছড়িয়ে পড়েছে। ডাব্লিউএইচও বলেছে, আক্রান্তদের বড়ো অংশের টিকা নেওয়া ছিল না। আবার কোনো কোনো শিশু প্রথম ডোজ নিলেও, দ্বিতীয় ডোজ নেয়নি। যে কারণে পরিস্থিতি আরো জটিল হয়েছে। জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা বলছেন, মূলত চলতি জানুয়ারির পর থেকেই হামের প্রাদুর্ভাব একটু একটু করে বাড়তে থাকে বাংলাদেশে। যেটি গত মার্চ মাস থেকে আরো বেশি ছড়িয়ে পড়তে শুরু করে। জনস্বাস্থ্য বিশেষজ্ঞ মুশতাক হোসেন বিবিসি বাংলাকে বলেন, "এমন অবস্থায় হামকে জরুরি স্বাস্থ্য পরিস্থিতি ঘোষণা উচিত ছিল। যদি সেটা করা হতো, তাহলে চিকিৎসা, ভ্যাকসিন কার্যক্রমকে আরো বাড়িয়ে নেওয়া যেতো, পরিস্থিতি আরো ভালোভাবে সামাল দেওয়া যেতো।" বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রতিবেদনে বলা হয়, হাসপাতালে যাওয়া রোগীদের বেশির ভাগই পাঁচ বছরের কম বয়সি শিশু। এই হার ৭৯ শতাংশ। এর মধ্যে দুই বছরের কম বয়সি শিশু ৬৬ শতাংশ এবং নয় মাসের কম বয়সি শিশু ৩৩ শতাংশ। জনস্বাস্থ্য বিশেষজ্ঞদের মতে, বিশ্ব স্বাস্থ্য সংস্থা কয়েকটি বিষয়কে সামনে রেখে কতখানি ঝুঁকিপূর্ণ, সেটি বিবেচনা করে। যেহেতু এখন প্রায় সারা বাংলাদেশে এটা ছড়িয়ে পড়েছে এবং সব বয়সের মানুষ আক্রান্ত হওয়ার ঝুঁকিতে রয়েছে, হাসপাতালগুলোতে ভিড় বাড়ছে, আক্রান্তদের শিশুদের মধ্যে একটা অংশ মারা যাচ্ছে, স্বাস্থ্য বিভাগ পরিস্থিতি সামাল দিতে হিমশিম খাচ্ছে, যে কারণে পরিস্থিতিতে 'উচ্চ ঝুঁকিপূর্ণ' বলে সংজ্ঞায়িত করেছে ডাব্লিউএইচও। যে কারণে বাংলাদেশের এই হাম পরিস্থিতি যেই অবস্থায় দাঁড়িয়েছে, বিষয়টিকে 'মহামারি' হিসেবেই দেখছেন জনস্বাস্থ্য বিশেষজ্ঞ মি. হোসেন। মি. হোসেন বিবিসি বাংলাকে বলেন, "উচ্চ ঝুঁকির ওপরে তো আর কিছু নেই। সুতরাং, বিশ্ব স্বাস্থ্য সংস্থার ভাষায় যা উচ্চ ঝুঁকি সেটি এক অর্থে 'মহামারি', কারণ উচ্চ ঝুঁকির ওপরে তো আর কিছু নাই।" তবে, এখনই এই পরিস্থিতিকে 'মহামারি' বলতে রাজি নয় বাংলাদেশের স্বাস্থ্য বিভাগ। স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক অধ্যাপক হালিমুর রশিদ বিবিসি বাংলাকে বলেন, "মহামারি পরিস্থিতি তখনই ঘোষণা করা হয়, যখন একসাথে অনেকগুলো দেশে রোগটি ছড়িয়ে পড়ে এবং সেটি বিশ্ব স্বাস্থ্য সংস্থাই ঘোষণা করে। বাংলাদেশ আলাদা করে ঘোষণা করবে না।"

বিশ্ব স্বাস্থ্য সংস্থার পরামর্শ

ডাব্লিউএইচও তাদের পর্যবেক্ষণ বলছে, বাংলাদেশের পাশাপাশি আঞ্চলিক পর্যায়ও (দক্ষিণ-পূর্ব এশিয়া) 'উচ্চ ঝুঁকিতে' রয়েছে, আর বৈশ্বিক প্রেক্ষাপটে এই ঝুঁকি 'মাঝারি' পর্যায়ের। ভারত ও মিয়ানমারের সঙ্গে দীর্ঘ সীমান্ত এবং মানুষের অবাধ যাতায়াত আন্তঃসীমান্ত সংক্রমণের ঝুঁকি বাড়িয়ে তুলছে বলে প্রতিবেদনে বলা হয়েছে। বিশেষ করে যশোর ও

চাঁপাইনবাবগঞ্জের মতো সীমান্ত এলাকাকে 'হটস্পট' হিসেবে চিহ্নিত করা হয়েছে। এই প্রতিবেদনে বিশ্ব স্বাস্থ্য সংস্থা সব পৌর এলাকায় হাম প্রতিরোধী টিকার প্রথম ও দ্বিতীয় ডোজে অন্তত ৯৫ শতাংশ সমান ও টেকসই কভারেজ বজায় রাখার পরামর্শ দিয়েছে। একইসঙ্গে হাম ও রুবেলা সংক্রমণের ওপর নজরদারি জোরদার করতে বলেছে, যাতে সরকারি, বেসরকারি ও সামাজিক নিরাপত্তা-সংশ্লিষ্ট স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে সব সন্দেহভাজন রোগী দ্রুত শনাক্ত করা যায়। হাম মোকাবিলায় জাতীয় ও স্থানীয় পর্যায়ের মধ্যে সমন্বয় নিশ্চিত করা, প্রাদুর্ভাব চলাকালে হাসপাতাল পর্যায়ে যথাযথ রোগী ব্যবস্থাপনা নিশ্চিত করা, আলাদা আইসোলেশনের ব্যবস্থা করারও পরামর্শ দিয়েছে সংস্থাটি। জনস্বাস্থ্য বিশেষজ্ঞ মুশতাক হোসেন মনে করছেন, বাংলাদেশের হাম পরিস্থিতি এতটা জটিল আকার ধারণ করার পেছনে টিকা ছিল বড়ো কারণ। যে কারণে হাসপাতালগুলোর বাইরেও বাড়ি বাড়ি গিয়ে টিকাদান এবং বিমানবন্দর ও স্থলবন্দরগুলোতেও কর্মসূচি চালু করা জরুরি। মি. হোসেন আরো বলেন, "এখন থেকে যদি কোনো বাচ্চার জ্বর হয়, তাহলে আগেই তাকে আইসোলেশনে নেওয়া উচিত। যদি কোনো ঘনবসতিপূর্ণ এলাকা বা বাসায় থাকে, তাহলে হাসপাতালে আইসোলেশনে নিতে, যাতে অন্য ব্যক্তি বা রোগীদের সংস্পর্শে না আসতে পারে। এর পাশাপাশি যারা আক্রান্ত হয়নি, তাদেরও ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়াতে হবে।" সংক্রমণের সংস্পর্শে আসা ঝুঁকিপূর্ণ ব্যক্তিদের তিন দিনের মধ্যে হাম প্রতিরোধী টিকা প্রদানসহ টিকা, সিরিঞ্জ ও প্রয়োজনীয় সরঞ্জামের পর্যাপ্ত মজুত রাখারও পরামর্শ দিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা।(বিবিসি ওয়েব পেজ : ২৫.০৪.২০২৬ নারগীস)

## টিকার মজুত নিয়ে ধোঁয়াশা, সংকট মরণব্যাধি জলাতঙ্কের টিকার

দশ বছরের ছেলেকে কুকুর কামড়েছে। তাই ছেলেকে নিয়ে হন্তদন্ত হয়ে হাসপাতালে ঢুকছিলেন রুবি আক্তার। শ্রমজীবী রুবি আক্তার থাকেন মুন্সীগঞ্জ শহরে। কিন্তু হাসপাতালে এসে জানতে পারলেন, জলাতঙ্কের কোনো ভ্যাকসিন নেই। কিনতে হবে বাইরে থেকে। নিরুপায় রুবি আক্তার তখন টিকা কিনতে বাইরে গেলেন। ফিরে আসলেন এক ঘণ্টা পর। "ফার্মেসি থেকে বললো টিকার দাম ৯০০ টাকা। কিন্তু আমার কাছে ৯০০ টাকা নাই। আমি তো দিন হাজিরা পাই ৩০০ টাকা করে। পরে বাড়িওয়ালার কাছে গেলাম টাকা ধার করতে। সেই টাকা দিয়ে টিকা কিনলাম।" কিছুটা ক্ষুব্ধ স্বরে বলেন রুবি আক্তার। প্রেসক্রিপশনে যে টিকার নাম লিখে দেওয়া হয়েছে, তিনি সেটাই কিনে এনেছেন। কিছুক্ষণ পর তার ছেলেকে টিকা দেওয়া হয়। "রাস্তার কুকুর কামড় দিয়েছে আমার ছেলেকে। খুব টেনশনে ছিলাম, পরে নাকি আরো দুইটা টিকা নিতে হবে। সেই দুইটা কিনতে হবে, নাকি ফ্রি দেবে বুঝতে পারছি না," বলছিলেন মিজ আক্তার।

বাংলাদেশে যখন হামের প্রাদুর্ভাবে একের পর এক শিশু মৃত্যুর ঘটনা ঘটছে, তখন দেশটিতে জলাতঙ্কের টিকার সংকট নিয়ে সেভাবে আলোচনা নেই। কিন্তু জলাতঙ্কও একটি মরণব্যাধি যেখানে মৃত্যুর হার শতভাগ।

একদিকে যখন সরকারি হাসপাতালগুলোতে জলাতঙ্কের টিকার সংকট, তখন সম্প্রসারিত টিকাদান কর্মসূচির আওতায় থাকা হামসহ অন্যান্য টিকার মজুত কতটা আছে, তা নিয়েও প্রশ্ন উঠছে। যদিও স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন বলেছেন, দেশে জলাতঙ্কসহ কোনো টিকারই সংকট নেই। তবে বাস্তবতা ভিন্ন বলেই খবর পাওয়া যাচ্ছে।

'আমরা টিকার রেশনিং করছি'

জলাতঙ্কের টিকা মূলত দেওয়া হয় কুকুর বা বিড়ালের আঁচড় বা কামড় খেলে। জলাতঙ্কের দুটি টিকা রয়েছে। একটি হচ্ছে এআরভি বা অ্যান্টি র‍্যাবিস ভ্যাকসিন। এটি শরীরকে নিজস্ব অ্যান্টিবডি তৈরি করতে উদ্দীপিত করে এবং দীর্ঘস্থায়ী সুরক্ষা দেয়। অন্য ভ্যাকসিনটি হচ্ছে আরআইজি বা র‍্যাবিস ইমিউনোগ্লোবুলিন। এতে আগে থেকে তৈরি অ্যান্টিবডি থাকে, যা কামড় খাওয়া মানুষের দেহে সরাসরি ভাইরাসের বিরুদ্ধে তাৎক্ষণিক সুরক্ষা দেয়। কুকুরের কামড় একটু বেশি ক্ষত তৈরি করলে আরআইজি ভ্যাকসিন দেওয়া হয়। বাংলাদেশে এই দ্বিতীয় ধরনের ভ্যাকসিনেরই তীব্র সংকট রয়েছে। কারণ সরকারিভাবে এটির কোনো সরবরাহ নেই। মুন্সীগঞ্জের ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে যেমন রুবি আক্তারসহ একাধিক জনকে দেখা গেল এই টিকা না পেয়ে বাইরে থেকে কিনে আনতে। হাসপাতাল সংশ্লিষ্টরা জানাচ্ছেন, প্রতিদিন গড়ে ত্রিশজন মানুষে বিড়াল কিংবা কুকুরের কামড় খেয়ে হাসপাতালে আসেন টিকা নিতে। কিন্তু সরকারি টিকা সেভাবে পান না। বিশেষ করে বিড়ালের ক্ষেত্রে কোনো টিকাই দেওয়া হয় না। হাসপাতালটিতে কারণ খুঁজতে গিয়ে দুটি তথ্য জানা গেল। এক. ঢাকা থেকেই এখন আর সরকার কোনো টিকা সরবরাহ করছে না। দুই. হাসপাতালগুলোকে বলা হয়েছে, নিজস্ব ফান্ড থেকে নিজ উদ্যোগে টিকা কিনতে। কিন্তু আলাদা বাজেট না থাকায় হাসপাতালগুলো সেভাবে টিকা কিনতে পারছে না। "আমাদের অন্য ফান্ড থেকে যে সামান্য কিছু টাকা বেঁচে গেছে, সেটা দিয়ে কিনতে হচ্ছে। এখন ধরেন, আমরা ১২০টা ভ্যাকসিন কিনেছি। আমাদের টার্গেট হচ্ছে, ১২০টা ভ্যাকসিন দিয়ে এক মাস চালানো। যদি আমি সবাইকে দিতে যাই, তাহলে সাত থেকে দশ দিনের মধ্যে ভ্যাকসিন শেষ হয়ে যাবে। বাকি ২০ দিন কেউ ভ্যাকসিন পাবে না।" পরিস্থিতি ব্যাখ্যা করে বলছিলেন মুন্সীগঞ্জ ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. আহাম্মদ কবীর। তিনি জানান, সংকটের কারণে টিকা সবাইকে দেওয়া যাচ্ছে না। "আমরা এখন টিকার রেশনিং করছি। যাদের জরুরি প্রয়োজন, যারা খুবই দরিদ্র, তাদেরকে আমরা বিনামূল্যে ভ্যাকসিন দিচ্ছি। আর যারা অ্যাফোর্ড করতে পারে কিংবা বিড়াল বাসায় পালে তাদেরকে বলছি, আপনারা ভ্যাকসিনটা কিনে দেন।" মুন্সীগঞ্জ শহরে কিছু হলেও টিকা পাওয়া যাচ্ছে। কিন্তু শহরের বাইরে উপজেলাগুলোতে কোনো টিকাই নেই। তবে ঢাকার মহাখালীতে সংক্রামক ব্যাধি হাসপাতালে আবার টিকার শতভাগ সরবরাহ আছে। এই হাসপাতালে সাভার

থেকে আসা বেসরকারি চাকরিজীবী সোহেল আহমেদ বলেন, সাভারে টিকা না পাওয়ায় তিনি ঢাকায় এসে টিকা নিয়েছেন। "আরেকজনের পোষা বিড়াল আমাকে আঁচড় দিয়েছে। হাত থেকে রক্ত বের হয়েছে। কিন্তু সাভার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে বলেছে, তাদের কাছে টিকা নেই। তারা ঢাকার এই হাসপাতালে রেফার্ড করেছে। এখানে টিকা পেয়েছি।"

টিকার 'বাফার স্টক' নেই ঢাকায়

জলাতঙ্কের টিকা থেকে এবার নজর দেওয়া যাক সরকারের টিকা কার্যক্রমের মূল উদ্যোগ সম্প্রসারিত টিকাদান কর্মসূচি বা ইপিআইয়ের টিকা পরিস্থিতিতে। ইপিআইয়ের অধীনে হামের টিকার সংকটের কারণে ইতোমধ্যেই হাম ছড়িয়ে পড়েছে। প্রতিদিনই শিশুমৃত্যুর ঘটনা ঘটছে। এর মধ্যেই জরুরিভিত্তিতে হামের টিকা আনতে পারায় সারা দেশে বিশেষ ক্যাম্পেইন শুরু করেছে সরকার। কিন্তু ইপিআইয়ের অধীনে থাকা ৯টি টিকার যে সামগ্রিক মজুত, সেখানে ঘাটতি আছে। পরিস্থিতি বুঝতে মঙ্গলবার ঢাকার মহাখালীতে ইপিআই অফিসে গিয়ে দেখা যায়, অফিস প্রাঙ্গণে বেশ কয়েকটি টিকা পরিবহণের ট্রাক ঠায় দাঁড়িয়ে আছে। পরিচয় প্রকাশে অনিচ্ছুক পরিবহণ সংশ্লিষ্ট একজন কর্মী বিবিসি বাংলাকে জানালেন, এই কেন্দ্রীয় গুদামে 'টিকার স্টক নেই'। বিষয়টি নিয়ে কথা বলতে চাইলে ইপিআই কার্যালয়ের কর্মকর্তারা প্রকাশ্যে কোনো মন্তব্য করেননি। তবে নাম-পরিচয় প্রকাশ না করার শর্তে একজন কর্মকর্তা স্বীকার করেন, টিকার মজুত শেষ। তিনি বলেন, "নিয়ম হচ্ছে, সারা দেশে টিকার যে চাহিদা আছে, সেগুলো সরবরাহ করতে হবে। কিন্তু এগুলো বাদ দিয়েও অন্তত তিন মাসের আলাদা স্টক রাখতে হবে। এটাকে আমরা বলি 'বাফার স্টক'। এই বাফার স্টকটা নেই।" টেলিফোনে জানতে চাইলে সম্প্রসারিত টিকাদান কর্মসূচির (ইপিআই) সহকারী পরিচালক হাসানুল মাহমুদ অবশ্য বিস্তারিত বলতে চাননি। "সমস্যা আছে। কিন্তু এই সমস্যা থাকবে না। আমরা প্রকিউরমেন্টে চলে গিয়েছি। আশা করছি, আগামী মাসেই টিকা চলে আসবে," বলেন ইপিআইয়ের সহকারী পরিচালক হাসানুল মাহমুদ। ইপিআইয়ের অধীনে ৯টি টিকা দেওয়া হয়। এর মধ্যে যক্ষ্মা প্রতিরোধে দেওয়া হয় বিসিজি টিকা, ওপিভি টিকা দেওয়া হয় পোলিও প্রতিরোধে, নিউমোনিয়া প্রতিরোধে দেওয়া হয় পিসিভি টিকা, হাম ও রুবেলা রোগ প্রতিরোধে এমআর টিকা এবং টাইফয়েড প্রতিরোধে দেওয়া হয় টিসিভি টিকা দেওয়া হয়। সব মিলিয়ে ৯টি টিকার মধ্যে বেশ কয়েকটি টিকার মজুত একেবারে শূন্যের কোঠায় নেমে এসেছে। একটি মাত্র টিকার মজুত আছে ডিসেম্বর মাস পর্যন্ত। কিন্তু সামগ্রিকভাবে টিকার বিশেষ মজুত না থাকার অর্থ কী? এটা কি কোনো ঝুঁকির কারণ? জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডা. বেনজীর আহমেদ বলছেন, বাফার স্টক না থাকাটা অবশ্যই ঝুঁকির। "বাফার স্টকটা এজন্য দরকার যে, ইপিআই কর্মসূচি যদি যে-কোনো কারণে কখনও বাধাগ্রস্ত হয়, তাহলে এখন যেমন হামের মহামারি হলো, এরকম অন্য রোগেরও মহামারি হতে পারে। সেজন্য বাফার স্টকটা রাখতে হয়। এটা না থাকা হলো একটা ঝুঁকি।"

'ছয় মাসের স্টক আছে' বললেন মন্ত্রী

ইপিআই অফিস সূত্রে যখন বাফার স্টক না থাকার তথ্য পাওয়া যাচ্ছে, তখন স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন অবশ্য সেটি নাকচ করছেন। বুধবার ঢাকায় এক অনুষ্ঠানে গণমাধ্যমকর্মীদের সঙ্গে কথা বলার সময় বিবিসি বাংলার এ সংক্রান্ত প্রশ্নে তিনি দাবি করেন, টিকার কোনো সংকট নেই। "আমাদের ছয় মাসের স্টক আছে। নয়টা ভ্যাকসিনের সবগুলোই আমাদের হাতে আছে। যক্ষ্মার বিসিজি টিকাসহ সব টিকা আমাদের হাতে আছে। কোনো সমস্যা নেই," বলছিলেন স্বাস্থ্যমন্ত্রী। একজন সাংবাদিক প্রশ্ন করেন, 'ইপিআই থেকে যে তথ্য আমরা পাচ্ছি, তাতে তো টিকার সংকট আছে।" জবাবে মন্ত্রী বলেন, "আপনি বললে তো হবে না। একটা টিকারও সংকট নেই।" এ সময় জলাতঙ্কের টিকার ঘাটতি নিয়ে প্রশ্ন করা হলে স্বাস্থ্যমন্ত্রী সেটিও নাকচ করেন। তিনি বলেন, "জলাতঙ্কের টিকার একটা ক্রাইসিস হয়েছিল। এটা আমরা মোকাবিলা করেছি।" কিন্তু ঢাকার বাইরে তো এই টিকার সাপ্লাই নেই- এমন প্রশ্নে মন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন বলেন, সবখানে সাপ্লাই আছে। "এমএসআর ফান্ড থেকে তারা সবাই (হাসপাতালগুলো) লোকালি কিনছে। কোথাও কোনো অভাব নেই। এডিবি ফান্ড থেকেও কেনা হচ্ছে। টিকা নিতে এসে কেউ আমাদের কাছ থেকে ফেরত যাচ্ছে না, দেওয়া হচ্ছে।" মন্ত্রী যেটা দাবি করছেন, বাস্তবতা অবশ্য তার সঙ্গে মিলছে না।

এমন পরিস্থিতি কেন হলো?

বাংলাদেশে সমস্যা যে শুধু টিকা নিয়ে হয়েছে, তা নয়। এই টিকা কার্যক্রমে টাকার সংকট এমন পর্যায়ে গিয়েছে যে, সারা দেশে যারা টিকা পরিবহণ করেন, তাদের বেতনও বন্ধ প্রায় দশ মাস। কিন্তু এমন পরিস্থিতি কেন হলো? এর পেছনে মূল কারণ হিসেবে উঠে আসছে, স্বাস্থ্যখাতে ওপি বা অপারেশন প্ল্যান বন্ধ হয়ে যাওয়া। অপারেশন প্ল্যান মূলত স্বাস্থ্যখাতে টিকা কার্যক্রমসহ বিভিন্ন কর্মসূচির পাঁচ বছর মেয়াদি পরিকল্পনা। যেখানে পাঁচ বছরের কেনা-কাটাসহ সকল কার্যক্রমের পরিকল্পনা এবং এর জন্য কত টাকা লাগবে, সেটি পাস করা থাকে। এখানে টাকার একটা অংশ দেয় সরকার, বাকিটা আসে বিদেশি সাহায্য সংস্থা থেকে। পরিকল্পনা পাস করা থাকায় ওপির মাধ্যমে দ্রুত কেনাকাটা করা যায়। কিন্তু এই অপারেশন প্ল্যান নিয়ে অতীতে নানা বিতর্কও ওঠে। দুর্নীতি যার মধ্যে সবচেয়ে বড়ো। ফলে আওয়ামী লীগ সরকারের সময়ই ওপি থেকে বেরিয়ে আসার পরিকল্পনা শুরু হয় বলে জানাচ্ছেন জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডা. বেনজীর আহমেদ। তিনি বলেন, "এটা বাদ দেওয়া নিয়ে কথা হচ্ছিল। কিন্তু অন্তর্বর্তী সরকারের সময় ২০২৫ সালে সরকার কোনো এক্সিট প্লান ছাড়াই ওপি থেকে সরকার বেরিয়ে আসে। ফলে ওপি-তে যতগুলো কর্মসূচি ছিল, সবগুলো বন্ধ হয়ে

গেছে। এর মধ্যে টিকাও একটা। কালাজ্বর বলেন, ম্যালেরিয়া বলেন, জলাতঙ্ক বলেন- সব বন্ধ।" তার মতে, ওপির বিকল্প কী হবে, সেটি এখন সরকারকে ঠিক করতে হবে। এটা না হলে আগামী অর্থবছরেও দেখা যাবে 'টাকা থাকবে না, প্রয়োজনের সময় কেনাকাটা করা সম্ভব হবে না, সংকট থেকেই যাবে।"

(বিবিসি ওয়েব পেজ : ২৫.০৪.২০২৬ আলী আহমেদ)

যুক্তরাষ্ট্রে নিখোঁজ বাংলাদেশি দুই শিক্ষার্থীর একজনের মরদেহ উদ্ধার, সন্দেহভাজন আটক

যুক্তরাষ্ট্রে নিখোঁজ দুই বাংলাদেশি শিক্ষার্থীর মধ্যে এখনো নিখোঁজ থাকা নাহিদা সুলতানা বৃষ্টির ভাই জানিয়েছেন যে, তার বোন জীবিত নেই, মার্কিন পুলিশ জানিয়েছে। এর আগে, নিখোঁজ অপর শিক্ষার্থী জামিল লিমনের মরদেহ ফ্লোরিডার কাছের ট্যাম্পা বে-এর একটি সেতু থেকে উদ্ধার করা হয়েছে এবং তার রুমমেটকে আটক করা হয়েছে বলে শুক্রবার আইন-শৃঙ্খলা বাহিনী জানায়। ঢাকায় থাকা বৃষ্টির ভাই জাহিদ হাসান প্রান্তের সাথে যোগাযোগ করা হলে তিনি বিবিসিকে জানান, "পুলিশ এখনো মরদেহ না পেলেও সন্দেহভাজনের অ্যাপার্টমেন্টে পাওয়া রক্তের পরিমাণ দেখে তারা বিষয়টি নিশ্চিত করেছে।" তাদের পরিবারকে শনিবার ভোরবেলা ফোন করে সেটি জানানো হয়েছে। শুক্রবার টাম্পার হাওয়ার্ড ফ্রাঙ্কলিন ব্রিজের কাছ থেকে জামিল লিমনের মরদেহ উদ্ধার করেছে পুলিশ। ময়নাতদন্ত শেষ না হওয়ায় কীভাবে তার মৃত্যু হয়েছে, এখনো তা পুলিশ জানায়নি। তবে নাহিদা বৃষ্টির মরদেহ পাওয়া গেছে কিনা, সেই বিষয়ে স্থানীয় পুলিশের পক্ষ থেকে এখনো কোনো ঘোষণা দেওয়া হয়নি। নিহত দুই শিক্ষার্থী পিএইচডি করতে যুক্তরাষ্ট্রে অবস্থান করছিলেন। পুলিশের তথ্য অনুযায়ী, গত ১৬ এপ্রিল সর্বশেষ জামিল ও নাহিদাকে দেখা যায়। এরপর থেকে তাদের বন্ধু বা স্বজনরা যোগাযোগ করতে পারছিলেন না। এরপর থেকে পুলিশ তদন্ত করতে শুরু করে। এই ঘটনায় জামিল লিমনের রুমমেট, ২৬ বছর বয়সি হিশাম সালেহ আবুঘারবেইহকে ক্যাম্পাসের কাছে একটি অ্যাপার্টমেন্টে আটক করা হয়েছে।

প্রাথমিকভাবে তার বিরুদ্ধে আনা অভিযোগগুলোর মধ্যে রয়েছে- পারিবারিক সহিংসতা, অবৈধভাবে মৃতদেহ সরানো, মৃত্যুর খবর না দেওয়া, প্রমাণ নষ্ট করা, জোর করে আটকে রাখা এবং হামলা চালানো। তাকে আটকের পর তার দেওয়া তথ্যের ভিত্তিতে হাওয়ার্ড ফ্রাঙ্কলিন ব্রিজের কাছে তল্লাশি চালায় পুলিশ। এরপর জামিল লিমনের মৃতদেহ পাওয়া যায়। জামিল লিমন ভূগোল, পরিবেশবিজ্ঞান ও নীতি বিষয়ে পড়াশোনা করছিলেন, আর নিখোঁজ বৃষ্টি কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের শিক্ষার্থী। হিলসবোরো কাউন্টি শেরিফ অফিস জানিয়েছে, আবুঘারবেইহের বিরুদ্ধে আগে একাধিকবার গ্রেফতারের রেকর্ড রয়েছে। পুলিশ জানায়, ক্যাম্পাস থেকে প্রায় এক মাইল দূরের একটি বাড়িতে পারিবারিক সহিংসতার অভিযোগ পাওয়ার পর প্রথমে তারা সন্দেহভাজন হিশাম সালেহ পরিবারকে নিরাপদে সরিয়ে নেয়। তবে, হিশাম সালেহ নিজেকে ঘরের ভেতরে আটকে রাখে এবং বের হতে অস্বীকৃতি জানায়। তাকে আটকের কয়েকটি ভিডিও প্রকাশ করেছে কাউন্টি শেরিফ অফিস। এরপর সোয়াট দল ঘটনাস্থলে যায়, পুলিশ ড্রোন ব্যবহার করে এবং প্রশিক্ষিত নেগোশিয়েটর বা আলোচককেও ডাকা হয়। শেষে সন্দেহভাজন শান্তিপূর্ণভাবে আত্মসমর্পণ করে। এর আগে, প্রাথমিক জিজ্ঞাসাবাদের সময় সে কর্তৃপক্ষের সঙ্গে কথা বললেও এক পর্যায়ে কথা বলা বন্ধ করে দেয়। বর্তমানে সন্দেহভাজন ব্যক্তি ক্রিমিনাল ইনভেস্টিগেশন বিভাগে গোয়েন্দাদের সঙ্গে কথা বলছে বলে জানান, হিলসবরো কাউন্টি শেরিফ অফিসের চিফ ডেপুটি জোসেফ মাওরার। কীভাবে তাকে আটক করা হয় তার বর্ণনা দিয়ে মি. মাওয়ার বলেন, "আজ সকাল (২৪ এপ্রিল) প্রায় ৯টার দিকে আমরা একটি পারিবারিক সহিংসতার কল পাই। আমাদের ইউনিট ঘটনাস্থলে যায়। আমরা জানতাম এটি সন্দেহভাজনের বাসা।" "আমরা পরিবারের সদস্যদের বাসা থেকে নিরাপদে বের করে আনতে সক্ষম হই। এরপর আমরা সন্দেহভাজনকে আত্মসমর্পণের নির্দেশ দিই। "'সে তা মানেনি। প্রায় ২০ মিনিট ধরে তাকে বারবার বের হয়ে আসার নির্দেশ দেওয়া হয়, কিন্তু সে কোনো সাড়া দেয়নি।" তারা আবার সন্দেহভাজনকে বের হয়ে আসার নির্দেশ দেয়। এরপর সে শান্তিপূর্ণভাবে বের হয়ে আসে এবং তাকে হেফাজতে নেওয়া হয়।" হিলসবরো কাউন্টি শেরিফ অফিসের প্রকাশিত একটি ভিডিওতে দেখা যায়, বৃষ্টিকে খুঁজতে তল্লাশি অব্যাহত রয়েছে। সেতুর আশপাশে পানিতে ডুবুরি দল অনুসন্ধান চালাচ্ছে।

শেরিফ অফিসের বরাত দিয়ে সিবিএস জানিয়েছে, আবুঘারবেইহ আগে ইউনিভার্সিটি অফ সাউথ ফ্লোরিডার শিক্ষার্থী ছিলেন, তবে বর্তমানে তিনি এনরোল্ড ছিলেন না। বিশ্ববিদ্যালয়ের রেকর্ড অনুযায়ী, তিনি ২০২১ সালের বসন্ত থেকে ২০২৩ সালের বসন্ত পর্যন্ত সেখানে পড়াশোনা করেছেন এবং ম্যানেজমেন্টে বিএস ডিগ্রি নিচ্ছিলেন। শেরিফ অফিস জানায়, ২৬ বছর বয়সি আবুঘারবেইহের বিরুদ্ধে আগে একাধিকবার গ্রেফতারের রেকর্ড রয়েছে। ২০২৩ সালের সেপ্টেম্বর মাসে তার বিরুদ্ধে হামলা এবং ফাঁকা বাড়িতে চুরি (বার্গলারি) করার অভিযোগ আনা হয়। একই বছরের মে মাসে তার বিরুদ্ধে আরও একটি হামলার অভিযোগ ছিল, যেগুলো আদালতের নথিতে মিসডিমিনর বা কম গুরুতর অপরাধ হিসেবে উল্লেখ করা হয়েছে। যুক্তরাষ্ট্রের সংবাদ মাধ্যমগুলোয় বলা হয়েছে, আদালতের নথি অনুযায়ী, প্রথমবার অপরাধে অভিযুক্তদের জন্য একটি ডাইভারশন প্রোগ্রামে অংশ নেন তিনি। ২০২৪ সালে সেটি সম্পন্ন করার পর, তার বিরুদ্ধে আনা অভিযোগগুলো প্রত্যাহার করা হয়। এ বিষয়ে তার আইনজীবীর সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও, তাৎক্ষণিক কোনো সাড়া পাওয়া যায়নি। হিলসবরো কাউন্টির আদালতের নথিতে আরও দেখা যায়, ২০২৩ সালে তার পরিবারের একজন সদস্য দুটি পারিবারিক সহিংসতার আবেদন করেছিলেন। এর মধ্যে একটি মামলায় বিচারক

নিষেধাজ্ঞা জারি করেন, আর অন্যটি খারিজ করে দেন। এছাড়াও তার বিরুদ্ধে ট্রাফিক আইন লঙ্ঘনের অভিযোগও রয়েছে।(বিবিসি ওয়েব পেজ : ২৫.০৪.২০২৬ আলী আহমেদ)

টিকা সংকট; বিবিসি বাংলাকে সাক্ষাৎকার দেওয়ায় স্বাস্থ্য কর্মকর্তাকে প্রত্যাহারের ঘোষণা স্বাস্থ্যমন্ত্রীর

বিবিসি বাংলাকে দেওয়া সাক্ষাৎকারে টিকার স্বল্পতা নিয়ে কথা বলায় একজন স্বাস্থ্য কর্মকর্তাকে ক্লোজ করে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়ার ঘোষণা দিয়েছেন বাংলাদেশের স্বাস্থ্যমন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন বকুল। এছাড়া, বরখাস্ত করার কথা বলেছেন জেলার সিভিল সার্জনকেও। শুক্রবার ঢাকার কাছে মুন্সীগঞ্জে গিয়ে হাসপাতালে 'টিকা সংকটের দায়ে' সিভিল সার্জন, হাসপাতালের তত্ত্বাবধায়ক ও একজন কর্মচারীর বিরুদ্ধে মন্ত্রীর শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার এই ঘোষণা আলোচনার জন্ম দিয়েছে। যদিও প্রত্যাহার বা বরখাস্তের চিঠি এখনো পাননি বলে শনিবার জানিয়েছেন মুন্সীগঞ্জের সিভিল সার্জন। বিষয়টি নিয়ে কথা বলতে শনিবার বেশ কয়েকবার স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও, তার পক্ষ থেকে কোনো সাড়া পাওয়া যায়নি। তবে, সরকারের এ ধরনের পদক্ষেপ নিয়ে একজন জনস্বাস্থ্য বিশেষজ্ঞ বিবিসি বাংলাকে বলেছেন, টিকা সরবরাহের দায়িত্ব যাদের, তাদের ব্যর্থতা সিভিল সার্জন বা কর্মকর্তাদের ওপর চাপানোর এই ঘটনা একটি বাজে দৃষ্টান্ত এবং এটি মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের ওপর নেতিবাচক প্রভাব ফেলবে। মুন্সীগঞ্জের ওই হাসপাতালে জলাতঙ্ক টিকা সংকট নিয়ে বিবিসি বাংলার সঙ্গে কথা বলেছেন সেখানে সেবা নিতে আসা ব্যক্তিরাও। যে টিকা বিনামূল্যে পাওয়ার কথা, সেটা টাকা দিয়ে বাইরে থেকে কিনে আনার কথাও জানিয়েছেন তারা। এদিকে, 'টিকা সংগ্রহে ব্যর্থতার' অভিযোগ তুলে মন্ত্রী একজন সিভিল সার্জনকে প্রকাশ্যে প্রত্যাহার বা বরখাস্ত করার কথা বললেও জানা গেছে, জেলা জুড়ে টিকার স্বল্পতার কথা ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে আগেই জেলা পর্যায় থেকে জানানো হয়েছিল। এরপর পর্যাপ্ত টিকা সরবরাহ না করে বরং স্বাস্থ্য বিভাগ নিজেই কয়েক মাস আগে তাদের জেলা অফিসগুলোকে অন্য মালামাল কেনার টেন্ডারের টাকা থেকে কিছু নিয়ে টিকা কেনার পরামর্শ দিয়েছিল।

যদিও ওই টাকার বড়ো অংশ ডিসেম্বরেই নির্ধারিত খাতে ব্যয় হয়ে গেছে। মুন্সীগঞ্জের এই ঘটনা জলাতঙ্ক রোগের টিকার সংকটকে কেন্দ্র করে হলেও, বাংলাদেশে কার্যত সব ধরনের টিকার সংকটের অভিযোগ রয়েছে। বিশেষ করে, সারা দেশে ব্যাপকভাবে শিশুদের হামে আক্রান্ত হওয়ার মধ্যেই সম্প্রসারিত টিকাদান কর্মসূচির আওতায় থাকা অন্যান্য টিকার মজুত কতটা আছে, তা নিয়েও প্রশ্ন ওঠে। এমনকি রাজধানী ঢাকার কোনো কোনো টিকাদান কেন্দ্রে গিয়ে পোলিও টিকা না পাওয়ার তথ্যও পাওয়া গেছে। যদিও স্বাস্থ্যমন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন বকুল সম্প্রতি সাংবাদিকদের বলেছেন, অন্তত ছয় মাসের সব ধরনের টিকাই তাদের হাতে আছে। "আমাদের স্টকে আছে। টিকার কোনো সংকট নেই। একটা টিকারও সংকট নেই। জলাতঙ্ক টিকার সংকট হয়েছিল। সেটা আমরা মোকাবিলা করেছি," গণমাধ্যমের সামনে বলেছেন তিনি।

'মন্ত্রী বলেছেন আপনি ব্যর্থ'

সিভিল সার্জন কামরুল জমাদ্দার বিবিসি বাংলাকে জানিয়েছেন যে, তিনি বরখাস্তের কোনো আদেশ পাননি, তবে মন্ত্রী তাকে সরাসরি টিকা সংগ্রহে ব্যর্থতার জন্য দায়ী করেছেন। "টেন্ডারের টাকা থেকে টিকা কিনতে বলা হয়েছিল। কিন্তু সেইসব টেন্ডার ডিসেম্বরে হয়ে গেছে। তারপরেও জেলা ও উপজেলার হাসপাতালগুলো চেষ্টা করেছে। মন্ত্রী বলেছেন, জলাতঙ্কের টিকার অভাব নেই। অথচ সদর হাসপাতালে ২৬ ভায়েল (প্রতি ভায়েলে চারটি টিকা থাকে) টিকা আছে। অন্য জায়গায় নেই। আমরা আগেই ডিজি অফিসকে জানিয়েছিলাম সব। প্রতিমাসে পুরো জেলায় ২৬০০ ভায়েল টিকা দরকার হয়," বলছিলেন মি. জমাদ্দার। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, জলাতঙ্কের টিকার সংকট থাকলেও, জেলায় হামসহ শিশুদের অন্য টিকা এখন প্রয়োজন অনুযায়ী সবাই পাচ্ছে। এদিকে, সংকটের কথা সংবাদমাধ্যমে বলায় হাসপাতালের সুপারকে ক্লোজ করে ব্যবস্থা নেওয়া এবং টিকা সংকটের দায়ে সিভিল সার্জনকে প্রত্যাহার কিংবা বরখাস্তের ঘটনায় প্রতিক্রিয়া হচ্ছে সরকারি স্বাস্থ্য কর্মকর্তাদের মধ্যে। কয়েকটি জেলার সিভিল সার্জনের সাথে কথা বলে এমন ধারণা পাওয়া গেছে। একজন সিভিল সার্জন বলেছেন, টিকার মতো জরুরি বিষয় সিভিল সার্জনরা জেলায় জেলায় কিনতে পারবে না। বরং কেন্দ্রীয়ভাবে এগুলো সারা দেশে বিতরণ নিশ্চিত করা উচিত কর্তৃপক্ষের। "আমাদের কাজ হবে, হাসপাতালগুলোতে মানুষ এসে যেন ঠিকমতো টিকা পায়, সেটি নিশ্চিত করা। কেনার কাজ তো আমার হতে পারে না," বলছিলেন ঢাকার কাছেই একটি জেলার সিভিল সার্জন। তিনি তার নাম প্রকাশ না করার অনুরোধ করেছেন। জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ও স্বাস্থ্য অধিদপ্তরের সাবেক পরিচালক বেনজির আহমদ বলছেন, মাঠ পর্যায়ের কর্মকর্তাদের বিরুদ্ধে এমন ব্যবস্থা একটি খারাপ দৃষ্টান্ত। "এমনিতে মাঠ পর্যায়ে স্বাস্থ্য কর্মকর্তারা লোকবল, যন্ত্রপাতি, ঔষধ ও চিকিৎসা উপকরণের সংকটে থাকেন। টিকা কিনে পাঠানোর দায়িত্ব কেন্দ্রের। সেখানে ক্রয় বিষয়ে অভিজ্ঞ লোক থাকে। সিভিল সার্জন অফিস এটা করবে কেন?" "নিজের ব্যর্থতার দায় কর্মকর্তাদের ওপর চাপানোর নেতিবাচক প্রভাব পড়বে ও কর্মকর্তারা জনস্বাস্থ্য কর্মসূচিতে কাজ করতে অনুৎসাহিত বোধ করবেন," বিবিসি বাংলাকে বলেছেন তিনি। (বিবিসি ওয়েব পেজ : ২৫.০৪.২০২৬ নারগীস)

## ইরান ‘প্রস্তাব দিচ্ছে, আমাদের দেখতে হবে কী হয়’: ট্রাম্প

ইরানের সঙ্গে চলমান আলোচনার বিষয়ে নতুন বার্তা দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। শুক্রবার বার্তা সংস্থা রয়টার্সকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি দাবি করেছেন, যুক্তরাষ্ট্রের কাছে একটি প্রস্তাব পাঠানোর প্রক্রিয়া চালাচ্ছে ইরান। তবে, সেই প্রস্তাবের বিষয়বস্তু সম্পর্কে এখনও তিনি নিশ্চিত নন। ফোনে দেওয়া ওই সাক্ষাৎকারে বিস্তারিত কিছু না জানালেও ট্রাম্প বলেছেন, বর্তমানে ইরানের দায়িত্বে থাকা ব্যক্তিদের সঙ্গেই মার্কিন প্রতিনিধি দল আলোচনা চালিয়ে যাচ্ছে। প্রেসিডেন্ট ট্রাম্পের ভাষ্যমতে, ইরান আলোচনার মাধ্যমে একটি চুক্তিতে পৌঁছাতে আগ্রহী। যুক্তরাষ্ট্রের দাবিগুলো সমাধানের লক্ষ্যেই তেহরান এই প্রস্তাব তৈরি করছে বলে তিনি উল্লেখ করেন।
(বিবিসি ওয়েব পেজঃ ২৫.০৪.২০২৬ এলিনা)

## যুদ্ধবিরতির মধ্যেই ইসরায়েল-হিজবুল্লাহ পাল্টাপাল্টি হামলা

ইসরায়েল ও লেবাননের মধ্যে যুদ্ধবিরতির মেয়াদ বাড়ানো হলেও, পাল্টাপাল্টি হামলা অব্যাহত রয়েছে। সবশেষ সংবাদ অনুযায়ী, ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী বা আইডিএফ এবং সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহর মধ্যে দফায় দফায় গোলাগুলির ঘটনা ঘটেছে। আইডিএফ জানিয়েছে, গত রাতে তারা দক্ষিণ লেবাননের তিনটি ভিন্ন স্থানে হিজবুল্লাহর রকেট লঞ্চার লক্ষ্য করে হামলা চালিয়েছে। তাদের দাবি, হামলার লক্ষ্যবস্তু হওয়া লঞ্চারগুলো রকেট ছোড়ার জন্য পুরোপুরি প্রস্তুত ছিল এবং ইসরায়েলের বেসামরিক নাগরিক ও আইডিএফ সেনাদের জন্য “তাৎক্ষণিক হুমকি” হিসেবে কাজ করছিল। এদিকে শনিবার সকালে এক বিবৃতিতে হিজবুল্লাহ জানিয়েছে যে, তারাও ইসরায়েলি সেনাবাহিনীকে লক্ষ্য করে পাল্টা হামলা চালিয়েছে। গত ২৩ এপ্রিল দুই পক্ষ একটি যুদ্ধবিরতি চুক্তিতে সম্মত হলেও, চুক্তি স্বাক্ষরের পর থেকেই আইডিএফ এবং হিজবুল্লাহ একে অপরের বিরুদ্ধে যুদ্ধবিরতি লঙ্ঘনের অভিযোগ তুলে আসছে।
(বিবিসি ওয়েব পেজঃ ২৫.০৪.২০২৬ এলিনা)

## ইসলামাবাদ ছাড়লেন ইরানি পররাষ্ট্রমন্ত্রী

পাকিস্তান সফর শেষে রাজধানী ইসলামাবাদ ত্যাগ করেছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। ইরানের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম ইরনা এই তথ্য নিশ্চিত করেছে। এদিকে, কিছুক্ষণ আগে একটি গাড়িবহরের ছবি প্রকাশ করেছে বার্তা সংস্থা রয়টার্স। ধারণা করা হচ্ছে, ওই গাড়ি বহরে পররাষ্ট্রমন্ত্রী আরাঘচিকে বহন করে ইসলামাবাদের বিমানবন্দরে নিয়ে যাওয়া হয়। প্রসঙ্গত, পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ ও সেনাপ্রধান আসিম মুনিরের সঙ্গে বৈঠক করেছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। (বিবিসি ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রুবাইয়া)

## ইরানের সঙ্গে কী আলোচনা হলো, জানালেন পাকিস্তানের প্রধানমন্ত্রী

পাকিস্তান ও ইরানের মধ্যে অত্যন্ত বন্ধুত্বপূর্ণ ও ফলপ্রসূ আলোচনা হয়েছে বলে জানিয়েছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ। ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচির সাথে বৈঠকের পর সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স-এ দেওয়া এক পোস্টে একথা জানিয়েছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী। তিনি জানান, “বর্তমান আঞ্চলিক পরিস্থিতি নিয়ে আমাদের মধ্যে অত্যন্ত উষ্ণ ও আন্তরিক মতবিনিময় হয়েছে। এছাড়া, পাকিস্তান-ইরান দ্বিপাক্ষিক সম্পর্ক আরও জোরদার করাসহ পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আমরা আলোচনা করেছি।” এর আগে, পাকিস্তানের উপ-প্রধানমন্ত্রী ইসহাক দার জানান, প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ ও ইরানি পররাষ্ট্রমন্ত্রী আরাঘচির মধ্যে এই বৈঠকটি প্রায় দুই ঘণ্টা স্থায়ী ছিল। যেখানে আঞ্চলিক শান্তি প্রতিষ্ঠার পাশাপাশি, দুই দেশের মধ্যকার বিদ্যমান সম্পর্ককে আরও সুসংহত করার বিষয়ে উভয় পক্ষ একমত পোষণ করেছে বলেও জানান তিনি। (বিবিসি ওয়েব পেজঃ ২৫.০৪.২০২৬ রুবাইয়া)

## ‘কথা বলতে চাইলে শুধু ফোন করলেই হবে’ : ইরানের উদ্দেশ্যে ট্রাম্প

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প নিশ্চিত করেছেন, ইসলামাবাদে তার দূতদের সফর তিনি বাতিল করেছেন। ট্রুথ সোশ্যালে দেওয়া এক পোস্টে তিনি বলেন, “আমি এইমাত্র আমার প্রতিনিধিদের পাকিস্তানের ইসলামাবাদে গিয়ে ইরানিদের সঙ্গে বৈঠকের সফর বাতিল করেছি। ভ্রমণে খুব বেশি সময় নষ্ট হয়, কাজের চেয়ে সময় অপচয়ই বেশি!” তিনি আরো লিখেছেন, “এ ছাড়া তাদের ‘নেতৃত্বের' ভেতরে প্রচণ্ড কোন্দল ও বিভ্রান্তি রয়েছে। কেউ জানে না আসলে কার হাতে দায়িত্ব, তারাও না। আর আমাদের হাতে সব তাস আছে, ওদের হাতে একটিও নেই! তারা যদি কথা বলতে চায়, শুধু ফোন করলেই হবে।”(বিবিসি ওয়েব পেজঃ ২৫.০৪.২০২৬ রুবাইয়া)

## আরও এক বিক্ষোভকারীর মৃত্যুদণ্ড কার্যকর করলো ইরান

দেশজুড়ে চলমান অস্থিরতার মধ্যেই, ইসরায়েলি গোয়েন্দা সংস্থা ‘মোসাদ’-এর হয়ে কাজ করার অভিযোগে এরফান কিয়ানি নামের এক বিক্ষোভকারীর মৃত্যুদণ্ড কার্যকর করেছে ইরান। দেশটির সুপ্রিম কোর্ট মৃত্যুদণ্ডের রায় বহাল রাখার পর শনিবার সকালে তার সাজা কার্যকর করা হয়। ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর বা আইআরজিসি-এর ঘনিষ্ঠ সংবাদ সংস্থা ফার্স এবং তাসনিম এই খবর নিশ্চিত করেছে। সরকারি তথ্য মতে, এরফান কিয়ানিকে ২০২৬ সালের জানুয়ারিতে বিক্ষোভ চলাকালীন ‘অগ্নিসংযোগ ও ধ্বংসাত্মক কর্মকাণ্ড’ চালানোসহ বেশ কিছু গুরুতর অভিযোগে অভিযুক্ত করা হয়েছিল। ইসরায়েল এখন পর্যন্ত এই বিষয়ে কোনো আনুষ্ঠানিক মন্তব্য করেনি। ইরানি মুদ্রার মানে রেকর্ড পতন এবং জীবনযাত্রার অস্বাভাবিক ব্যয়বৃদ্ধির কারণে গত বছরের ডিসেম্বরে দেশটিতে অস্থিরতা শুরু হয়েছিল, যা

২০২৬ সালের জানুয়ারিতে তীব্র রূপ নেয়। ইরানি কর্তৃপক্ষ এই বিক্ষোভ দমনে কঠোর অবস্থান নিয়েছিল। বিভিন্ন মানবাধিকার সংস্থার দাবি, সহিংস দমন-পীড়নে এখন পর্যন্ত কয়েক হাজার মানুষ নিহত হয়েছেন।
(বিবিসি ওয়েব পেজঃ ২৫.০৪.২০২৬ এলিনা)

## ইরান-যুক্তরাষ্ট্র আলোচনা নিয়ে উড়ো খবরের ব্যাপারে সতর্কবার্তা পাকিস্তানের

পাকিস্তানের উপ-প্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার বর্তমান আঞ্চলিক পরিস্থিতি পর্যালোচনা করতে একটি গুরুত্বপূর্ণ বৈঠক করেছেন। শনিবারের ওই বৈঠকে বর্তমান ভূ-রাজনৈতিক উত্তেজনা নিরসনে পাকিস্তানের অবস্থান তুলে ধরা হয়। বৈঠকে ইসহাক দার আবারও উল্লেখ করেছেন যে, পাকিস্তান সক্রিয়ভাবে ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে আলোচনার আয়োজন করছে। এই উদ্যোগের মূল লক্ষ্য হলো- ওই অঞ্চল এবং এর বাইরে স্থায়ী শান্তি ও স্থিতিশীলতা নিশ্চিত করা। এছাড়া, এই মধ্যস্থতা প্রক্রিয়া নিয়ে বিভ্রান্তি এড়াতে কঠোর সতর্কবার্তা জারি করেছে পাকিস্তানের পররাষ্ট্র মন্ত্রণালয়। তাদের এক বিবৃতিতে বলা হয়েছে, “কোনো অননুমোদিত বা বেনামি সূত্র থেকে পাওয়া তথ্যের ভিত্তিতে মধ্যস্থতা প্রক্রিয়া নিয়ে সংবাদ প্রকাশ করবেন না।” সকল সংবাদমাধ্যমকে শুধু “অফিসিয়াল বা দাপ্তরিক বিবৃতির” ওপর গুরুত্ব দেওয়ার আহ্বান জানিয়েছে পাকিস্তানের পররাষ্ট্র মন্ত্রণালয়।
(বিবিসি ওয়েব পেজঃ ২৫.০৪.২০২৬ এলিনা)

## যুদ্ধবিরতির বিষয়ে পাকিস্তানকে ‘মতামত' জানাল ইরান

পাকিস্তানের সেনাপ্রধান ফিল্ড মার্শাল আসিম মুনিরের সঙ্গে ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি বৈঠক করেছেন এবং এরপর এক বিবৃতিতে যুদ্ধ বন্ধের বিষয়ে নিজেদের অবস্থান ও প্রস্তাবনাগুলো তুলে ধরেছে তেহরান। ইরানের পররাষ্ট্রমন্ত্রীর কার্যালয় থেকে প্রকাশিত বিবৃতিতে জানানো হয়েছে যে, বৈঠকে ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে সম্ভাব্য “যুদ্ধবিরতি সংক্রান্ত সাম্প্রতিক অগ্রগতি” নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। বিবৃতিতে বলা হয়, এই রক্তক্ষয়ী যুদ্ধ স্থায়ীভাবে বন্ধ করার লক্ষ্যে আরাঘচি ইরানের নিজস্ব “অভিমত ও বিবেচ্য বিষয়গুলো” পাকিস্তানের কাছে হস্তান্তর করেছেন। বৈঠকে পাকিস্তানের সেনাপ্রধান জেনারেল আসিম মুনির ইরানের পররাষ্ট্রমন্ত্রীকে আশ্বস্ত করেছেন যে, মধ্যস্থতার প্রচেষ্টা চালিয়ে যাবে ইসলামাবাদ।(বিবিসি ওয়েব পেজঃ ২৫.০৪.২০২৬ এলিনা)

## পাকিস্তানের প্রধানমন্ত্রীর সঙ্গে ইরানের পররাষ্ট্রমন্ত্রীর সাক্ষাৎ

পাকিস্তানের সেনাপ্রধানের সঙ্গে বৈঠকের পর দেশটির প্রধানমন্ত্রী শাহবাজ শরিফের সঙ্গেও সাক্ষাৎ করেছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। বৈঠক শেষে দেওয়া এক বিবৃতিতে আরাঘচি জানান, তিনি পাকিস্তানের প্রধানমন্ত্রীর কাছে যুদ্ধবিরতি সংক্রান্ত সর্বশেষ অগ্রগতি এবং যুদ্ধ পুরোপুরি বন্ধ করার বিষয়ে ইরানের 'নীতিগত অবস্থান' ব্যাখ্যা করেছেন। বিবৃতিতে আরও বলা হয়েছে যে, ইরানের পররাষ্ট্রমন্ত্রীর বক্তব্য শোনার পর চলমান আলোচনা প্রক্রিয়ার ওপর “আস্থা প্রকাশ” করেছেন প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ। এই প্রক্রিয়া অব্যাহত থাকবে বলেও জানিয়েছেন তিনি।
(বিবিসি ওয়েব পেজঃ ২৫.০৪.২০২৬ এলিনা)

## যুক্তরাষ্ট্রের নৌ অবরোধ অব্যাহত থাকলে পাল্টা জবাবের হুমকি ইরানি সেনাবাহিনীর

যুক্তরাষ্ট্র যদি হরমুজ প্রণালিতে তাদের আরোপিত অবরোধ অব্যাহত রাখে, তাহলে পাল্টা জবাব দেওয়ার হুমকি দিয়েছে ইরানের সশস্ত্র বাহিনী। ইরানি সেনাবাহিনীর কমান্ড সেন্টার থেকে দেওয়া এক বিবৃতিতে এ কথা বলা হয়। বিবৃতিটি তাসনিম নিউজ এজেন্সিসহ একাধিক রাষ্ট্রীয় গণমাধ্যমে প্রকাশ করা হয়েছে। তাসনিম ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোরের (আইআরজিসি) সঙ্গে সম্পৃক্ত একটি সংবাদ সংস্থা। বিবৃতিতে বলা হয়েছে, যুক্তরাষ্ট্রের সেনাবাহিনী যদি ওই অঞ্চলে সাগরে “অবরোধ, ডাকাতি ও জলদস্যুতা” অব্যাহত রাখে, তাহলে তারা ইরানের সশস্ত্র বাহিনীর পক্ষ থেকে “জবাবের মুখে পড়বে।” উল্লেখ্য, ১৩ এপ্রিল ইরানি বন্দরগুলোতে প্রবেশ ও সেখান থেকে বের হওয়া সামুদ্রিক চলাচলের ওপর অবরোধ আরোপের পর যুক্তরাষ্ট্র একাধিক জাহাজ আটক করেছে।
(বিবিসি ওয়েব পেজঃ ২৫.০৪.২০২৬ এলিনা)

# এনএইচকে

## এই সপ্তাহান্তে পাকিস্তানে ইরানের সঙ্গে আলোচনা পুনরায় শুরু হবে : হোয়াইট হাউস

যুক্তরাষ্ট্র ও ইরানের আলোচকরা সম্ভবত নতুন করে আলোচনার জন্য প্রস্তুতি নিচ্ছেন। হোয়াইট হাউস নিশ্চিত করেছে যে, তারা পাকিস্তানে একটি প্রতিনিধিদল পাঠাচ্ছে এবং ইরানের পররাষ্ট্রমন্ত্রী ইতোমধ্যে ইসলামাবাদে রয়েছেন। প্রেস সচিব ক্যারোলাইন লেভিট জানান যে, মার্কিন পক্ষে অন্তর্ভুক্ত থাকবেন বিশেষ দূত স্টিভ উইটকফ এবং প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের জামাতা জ্যারেড কুশনার। তিনি আরও জানান যে, বৈঠকটি তেহরানের অনুরোধে অনুষ্ঠিত হবে এবং ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স-এর জন্য 'প্রস্তুত' রয়েছেন। ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি বলেন, ‘দ্বিপাক্ষিক বিষয়’ ও আঞ্চলিক ঘটনাবলি নিয়ে আলোচনার উদ্দেশ্যে তিনি পাকিস্তান, ওমান ও রাশিয়া সফর করবেন। পাকিস্তানের মধ্যস্থতাকারীরা এই আলোচনায় সহায়তা করছেন। সেখানকার কর্মকর্তারা জানিয়েছেন, আরাঘচি ও তার দল শুক্রবার এসে পৌঁছেছেন। সূত্রসমূহ বলছে, মার্কিন নিরাপত্তা কর্মীরা ইতোমধ্যেই সেখানে উপস্থিত রয়েছেন। তবে, ইরানের

তাসনিম নিউজ এজেন্সি জানিয়েছে, কোনো আলোচনার পরিকল্পনা নেই এবং আরাঘচির এই সফরের উদ্দেশ্য হলো পাকিস্তানি কর্মকর্তাদের সঙ্গে আলোচনা করা। (এনএইচকে ওয়েব পেজ: ২৫.০৪.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### আজারবাইজানে ইউক্রেন-রাশিয়া আলোচনা করতে প্রস্তুত জেলেনস্কি

ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি শনিবার জানিয়েছেন, আজারবাইজানে রাশিয়ার সঙ্গে আলোচনা করতে প্রস্তুত তিনি। ইউক্রেনের প্রেসিডেন্ট বর্তমানে আজারবাইজান সফর করছেন। দেশটির প্রেসিডেন্ট আলিয়েভের সঙ্গে সাক্ষাতের পর এই ঘোষণা দেন জেলেনস্কি। এর আগে, জেলেনস্কি এক্স-এ (টুইটার) লিখেছিলেন, তিনি আজারবাইজান সফর শুরু করেছেন একটি ইউক্রেনীয় বিশেষজ্ঞ দলের সঙ্গে সাক্ষাতের মাধ্যমে। এই বিশেষজ্ঞ দল রাশিয়ার ড্রোন ও ক্ষেপণাস্ত্র থেকে আকাশপথ রক্ষার বিষয়ে তাদের দেশের অভিজ্ঞতা তুলে ধরছে। প্রতিরক্ষা ও জ্বালানি সহযোগিতা বিষয়ক চুক্তি স্বাক্ষরের জন্য জেলেনস্কি শুক্রবার আজারবাইজানে পৌঁছান। এর আগে, তিনি সৌদি আরব সফর করেন। সেখানে তিনি দেশটির যুবরাজ মোহাম্মদ বিন সালমানের সঙ্গে সাক্ষাৎ করেন।

(ডয়েচে ভেলে ওয়েব পেজ: ২৫.০৪.২০২৬ রনি)

## জাগো নিউজ

### দেড় দশক পর জনগণ ভোট দিয়ে গণতান্ত্রিক সরকার নির্বাচিত করেছে : তারেক রহমান

দীর্ঘ দেড় দশক পর জনগণ সরাসরি ভোট দিয়ে একটি গণতান্ত্রিক সরকার নির্বাচিত করেছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, ২০২৪ সালের জুলাই-আগস্টের গণ-অভ্যুত্থান আবারও প্রমাণ করেছে রাষ্ট্রের মালিক জনগণ। জনগণের আস্থা ও প্রত্যাশার প্রতিফলনই হচ্ছে বর্তমান সরকার। তাই জনপ্রশাসনের প্রধান দায়িত্ব, জনগণের কল্যাণ নিশ্চিত করা। শনিবার (২৫ এপ্রিল) রাজধানীর বিয়াম ফাউন্ডেশনের ট্রেনিং কাম ডরমিটরি ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন ও উদ্বোধন অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, জনগণের সঙ্গে করা প্রতিশ্রুতি বাস্তবায়ন কোনো রাজনৈতিক ঘোষণা নয়, বরং একটি রাষ্ট্রীয় চুক্তি। জনপ্রশাসনের দক্ষতা, সততা ও জবাবদিহি ছাড়া সেই প্রতিশ্রুতি বাস্তবায়ন সম্ভব নয়। তিনি বলেন, বিয়ামের যাত্রা শুরু হয় ১৯৯১ সালের ২৯ ডিসেম্বর। পরে ২০০২ সালের নভেম্বর মাসে এটি বিয়াম ফাউন্ডেশনে রূপান্তরিত হয়। এই দীর্ঘ পথচলা প্রমাণ করে- জনপ্রশাসনের জন্য প্রশিক্ষিত মানবসম্পদ গড়ে তোলা সব সরকারেরই গুরুত্বপূর্ণ অঙ্গীকার ছিল এবং ভবিষ্যতেও থাকবে।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রিহাব)

### কলেজ ছাত্রের বানানো গো-কার্ট চালিয়ে উৎসাহ দিলেন প্রধানমন্ত্রী

কলেজছাত্র রিজয়ান রশীদের তৈরি গো-কার্ট (রেসিং কার) পরিদর্শন করেছেন তারেক রহমান। এ সময় শিক্ষার্থীর উদ্ভাবনকে উৎসাহ দিতে তিনি নিজেই গো-কার্টটি চালিয়ে দেখান। শনিবার (২৫ এপ্রিল) দুপুরে রাজধানীর তেজগাঁও কার্যালয় প্রাঙ্গণে গো-কার্টটি চালান প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি-১ জাহিদুল ইসলাম রনি এ তথ্য নিশ্চিত করেছেন। গো-কার্ট পরিদর্শনের সময় কলেজছাত্র রিজয়ান রশীদের সঙ্গে কথা বলেন প্রধানমন্ত্রী তারেক রহমান। পরে উদ্ভাবনী কাজের প্রতি আগ্রহ ও উৎসাহ বাড়াতে তিনি নিজেই গো-কার্টটি চালিয়ে দেখান এবং শিক্ষার্থীকে ভবিষ্যতে আরও উদ্ভাবনী কাজে এগিয়ে যেতে উৎসাহ দেন।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রিহাব)

### খেলাধুলা করলে বুদ্ধি বাড়ে, ক্ষুদে শিক্ষার্থীদের প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান ক্ষুদে শিক্ষার্থীদের সঙ্গে হৃদ্যতাপূর্ণ মুহূর্ত কাটিয়েছেন, যা উপস্থিত শিক্ষক-শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট সবার মাঝে ইতিবাচক আবহ সৃষ্টি করে। শনিবার (২৫ এপ্রিল) রাজধানীতে বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশনের ট্রেনিং কাম ডরমিটরি ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন ও উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী যোগ দেন। পরে বিয়াম স্কুলের ক্ষুদে শিক্ষার্থীদের সঙ্গে তিনি স্বতঃস্ফূর্তভাবে সময় কাটান এবং তাদের সঙ্গে সহজ-সরল আলাপচারিতায় অংশ নেন। এ সময় প্রধানমন্ত্রী তারেক রহমান শিক্ষার্থীদের কাছে জানতে চান, তারা খেলাধুলায় অংশ নেয় কি না। শিক্ষার্থীরা জানায়, তারা খুব বেশি খেলাধুলা করে না। জবাবে প্রধানমন্ত্রী বলেন, "খেলতে হবে তো, না খেললে পড়া যাবে না। বেশি করে খেলতে হবে।"

(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রিহাব)

### শিশুদের চিত্রাঙ্কনে অটোগ্রাফ দিলেন প্রধানমন্ত্রী তারেক রহমান

বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ল্যাবরেটরি স্কুলের কয়েকটি শ্রেণিকক্ষ পরিদর্শন করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এসময় তিনি শিশুশিক্ষার্থীদের সঙ্গে একান্তে কথা বলেন এবং তাদের চিত্রাঙ্কনে অটোগ্রাফ দেন। শনিবার (২৫ এপ্রিল) সকালে, ইস্কাটনে বিয়াম ফাউন্ডেশনের প্রশিক্ষণ কেন্দ্র ও অডিটরিয়াম ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপনের উদ্বোধনী অনুষ্ঠান শেষ করেই প্রধানমন্ত্রী ছুটে যান পাশেই থাকা স্কুলের শিক্ষার্থীদের কাছে। প্রধানমন্ত্রীকে অনুষ্ঠানস্থলে প্রবেশ করতেই, নির্মাণাধীন ভবনের পাশেই অবস্থিত বিয়াম ল্যাবরেটরি স্কুলের শিক্ষার্থীরা তাদের শ্রেণিকক্ষ থেকে হাত নাড়িয়ে প্রধানমন্ত্রীকে শুভেচ্ছা জানাতে থাকে। বিষয়টি নজরে আসে প্রধানমন্ত্রী তারেক

রহমানের। তিনি নিজেও তাদের হাত নেড়ে সাড়া দেন। এরপর তিনি চলে যান বিয়াম মিলনায়তনে আয়োজিত মূল অনুষ্ঠানে। সেখানকার পর্ব শেষ করে বেরিয়ে যেতেই প্রধানমন্ত্রী ছুটে যান বিয়াম ল্যাবরেটরি স্কুলে। ঘুরে দেখেন শিশুদের তিনটি শ্রেণিকক্ষ। সেখানে কিছুক্ষণ শিশুদের সঙ্গে কথা বলেন প্রধানমন্ত্রী তারেক রহমান। প্রধানমন্ত্রীকে কাছে পেয়ে শিশুরাও মেতে ওঠে আনন্দে। চিৎকার দিয়ে আনন্দ প্রকাশ করতে থাকে শিশুরা। প্রধানমন্ত্রী প্রথমে যান স্কুলটির দ্বিতীয় শ্রেণির একটি কক্ষে। সেখানকার শিশুশিক্ষার্থী ও শিক্ষকদের সঙ্গে কথা বলেন তিনি। এসময় শিশুরা প্রধানমন্ত্রীর সামনে তাদের আঁকা বিভিন্ন ড্রয়িং তুলে ধরে। অনেকে তাদের ড্রয়িংয়ে প্রধানমন্ত্রীর অটোগ্রাফ নেয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রিহাব)

## জুলাই শহিদ শাহরিয়ারের পরিবারের পাশে প্রধানমন্ত্রী তারেক রহমান

জুলাই গণ-অভ্যুত্থানে শহিদ ইঞ্জিনিয়ার শাহরিয়ারের পরিবারের পাশে দাঁড়িয়েছেন বিএনপি চেয়ারম্যান ও 'আমরা বিএনপি পরিবার'-এর প্রধান পৃষ্ঠপোষক প্রধানমন্ত্রী তারেক রহমান। শহিদ শাহরিয়ারের শ্বশুর শহীদুল ইসলামের চিকিৎসায় সহায়তা দিয়েছেন তিনি। দলীয় সূত্র জানায়, শহীদুল ইসলামের অসুস্থতার খবর পাওয়ার পর প্রধানমন্ত্রী তার অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমনকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেন। এর পরিপ্রেক্ষিতে শনিবার (২৫ এপ্রিল) 'আমরা বিএনপি পরিবার'-এর সদস্য সচিব কৃষিবিদ মোকছেদুল মোমিন মিথুনের নেতৃত্বে একটি প্রতিনিধি দল রাজধানীর জাতীয় হৃদ্রোগ ইনস্টিটিউট ও হাসপাতালে যায়। সেখানে তারা প্রধানমন্ত্রীর পক্ষ থেকে পরিবারের প্রতি সমবেদনা ও সহমর্মিতার বার্তা পৌঁছে দেয়। প্রতিনিধি দলটি শহীদুল ইসলামের শারীরিক অবস্থার খোঁজ নেয় এবং তার চিকিৎসায় সহায়তা প্রদান করে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রিহাব)

## জঙ্গি হামলার শঙ্কা নিয়ে সিটিটিসি বলছে, আমরা কাজ করছি

নিষিদ্ধ ঘোষিত একটি সংগঠনের সমর্থকদের নাশকতার পরিকল্পনা ঘিরে দেশের গুরুত্বপূর্ণ স্থাপনাগুলোর নিরাপত্তা জোরদারের নির্দেশ দেওয়া হয়েছে। সম্প্রতি পুলিশ সদর দপ্তর থেকে রেঞ্জ ডিআইজি, মেট্রোপলিটন কমিশনার ও সব জেলা পুলিশ সুপারসহ পুলিশের সব ইউনিটকে নিরাপত্তা জোরদারের নির্দেশে চিঠি দেওয়া হয়েছে। তবে, এ সংক্রান্ত প্রশ্নের জবাবে এটা নিয়ে কাজ করছি বলে মন্তব্য করেছেন ডিএমপির কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইমের (সিটিটিসি) যুগ্ম পুলিশ কমিশনার মুনশী শাহাবুদ্দীন। শনিবার (২৫ এপ্রিল) রাজধানীর মিন্টুরোডে ডিএমপি মিডিয়া সেন্টারে আয়োজিত চলমান 'এসএসসি পরীক্ষা-২০২৬ এর প্রশ্নপত্র ফাঁস সম্পর্কিত, অনলাইন প্রতারণা সংক্রান্ত' সংবাদ সম্মেলন শেষে এক প্রশ্নের জবাবে এসব বলেন তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রিহাব)

## বিএনপির কর্মকাণ্ড নিয়ে ধোঁয়াশা সৃষ্টির চেষ্টা চলছে : ফখরুল

জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান ও তার দল জামায়াতে ইসলামী কখনোই সুষ্ঠুভাবে চিন্তা করে না বলে মন্তব্য করেছেন বিএনপি মহাসচিব ও স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি আরও বলেন, আজ বিভিন্নভাবে বিএনপির কর্মকাণ্ডের ওপর ধোঁয়াশা সৃষ্টি করার চেষ্টা চলছে। বিভেদ সৃষ্টি করার পাঁয়তারা চলছে। ৫ আগস্টের পর দেশের গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক রূপ দেওয়ার যে সুযোগ তৈরি হয়েছে, সেটি নষ্ট করার অপচেষ্টা চলছে। নির্বাচনে 'ইঞ্জিনিয়ারিং' করে বিএনপি ক্ষমতায় এসেছে- জামায়াত আমিরের এমন বক্তব্যের কড়া সমালোচনা করে তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান বিএনপি মহাসচিব। তিনি বলেন, তিনি (জামায়াত আমির) ও তার দল কখনোই সুষ্ঠুভাবে চিন্তা করেন না। দেশি ও বিদেশি সব পর্যবেক্ষক একবাক্যে স্বীকার করেছেন, এই নির্বাচন বাংলাদেশের সবচেয়ে নিরপেক্ষ, অবাধ ও সুষ্ঠু হয়েছে। এই নির্বাচনে বিএনপি তাদের জনপ্রিয়তার মাধ্যমে ২১৩টি আসন পেয়ে সরকার গঠন করেছে। সুতরাং, জামায়াত আমিরের এই বক্তব্য আমি প্রত্যাখ্যান করছি, নিন্দা জানাচ্ছি ও ক্ষোভ প্রকাশ করছি। শনিবার (২৫ এপ্রিল) সকালে নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক যৌথসভা শেষে দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এসব কথা বলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রিহাব)

## এক লাখ টন ক্রুডবাহী 'এমটি নিনেমিয়া' ৬ মে বাংলাদেশে আসছে

সৌদি আরবের ইয়ানবু বন্দর থেকে এক লাখ টন ক্রুড লোড করে তথ্য লুকিয়ে বাংলাদেশে আসছে 'এমটি নিনেমিয়া'। ২০ এপ্রিল ইয়ানবু থেকে যাত্রার পর থেকে জাহাজটির অবস্থান সম্পর্কে ধোঁয়াশা তৈরি হয়। তবে জাহাজটি বর্তমানে আরব সাগরে অবস্থান করছে বলে জানিয়েছে বাংলাদেশ শিপিং করপোরেশন (বিএসসি)। ৬ মে জাহাজটি বাংলাদেশে পৌঁছাবে। বিএসসি বলছে, নিরাপত্তাজনিত কারণে ইন্টিগ্রেটেড অটোমেশন সিস্টেম (আইএএস) বন্ধ রেখে লোহিত সাগর (রেড সি) পাড়ি দিয়েছে 'এমটি নিনেমিয়া'। বিশেষজ্ঞরা বলছেন, আন্তর্জাতিক সমুদ্র রুটে চলাচল করার সময় ঝুঁকিপূর্ণ এলাকায় আইএএস বন্ধ রেখে চলাচল করা অপরাধ নয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রিহাব)

## তেলের দাম বৃদ্ধির অজুহাতে বাস ভাড়া, নিত্যপণ্যের দাম বাড়ানোর সুযোগ নাই

বস্ত্র ও পাটমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদি বলেছেন, জ্বালানির দাম বৃদ্ধির কারণে নাটকীয়ভাবে বাস ভাড়া ও নিত্যপণ্যের দাম বৃদ্ধির কোনো সুযোগ নাই। এক্ষেত্রে সকলের নজরদারি বাড়াতে হবে। তিনি বলেন, আগামীতে নতুন

বিনিয়োগকারীদের ফুয়েল ইন্টেনসিভ ফ্যাক্টরির দিকে না গিয়ে লেস ফুয়েল ইন্টেনসিভ ফ্যাক্টরি তৈরির করা উচিত। শনিবার (২৫ এপ্রিল) বেলা ১১টায় নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জের গোদনাইলে চিত্তরঞ্জন কটন মিল এলাকায় গড়ে ওঠা নিট শিল্প পল্লী পরিদর্শন শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এই কথা বলেন তিনি। মন্ত্রী বলেন, বিদ্যুৎ উৎপাদনের পরেই ব্যক্তিখাতের শিল্প কারখানায় বিতরণ করা হয়। তাই জ্বালানির কারণে যে উৎপাদন ব্যাহত হয়ে রপ্তানি কমে গিয়েছে, ব্যাপারটা এমন না। রপ্তানির বৈশ্বিক একটা মৃদুভাব, সেটিও এটার একটা বড়ো নিয়ামক কারণ। এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, বিটিএমসির শিল্প প্লটগুলোর মধ্যে দুইটি প্লট নিয়ে শিল্প স্থাপন করা হয়েছে। আরো দুইটি প্লট একই প্রতিষ্ঠান নিতে যাচ্ছেন। আর বাদবাকি যে প্লটগুলো আছে, সেগুলোতে কিছু স্থানীয় দখল সমস্যা রয়েছে। এই সমস্যাগুলো আগামী দিনে তড়িৎ সমাধান করে প্রত্যেকটি শিল্প প্লটে আমরা বিনিয়োগের ব্যবস্থা করবো। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রিহাব)

## তিন লাখ কোটি টাকার উন্নয়ন ব্যয়ে বৈদেশিক ঋণ লাখ কোটিরও বেশি

২০২৬-২৭ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বা উন্নয়ন ব্যয়ের আকার নির্ধারণ করা হয়েছে ৩ লাখ কোটি টাকা। চলতি ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত এডিপির আকার ছিল ২ লাখ কোটি টাকা। ফলে গত বছরের তুলনায় এডিপির আকার বেড়েছে ৫০ শতাংশ। নতুন এডিপিতে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হয়েছে স্বাস্থ্যখাতে। ২০২৫-২৬ অর্থবছরে স্বাস্থ্যখাতে এডিপি বরাদ্দ ছিল ১১ হাজার ৬১৮ কোটি টাকা। ২০২৬-২৭ অর্থবছরে এ খাতে বরাদ্দ দেওয়া হচ্ছে ২০ হাজার ৬০৮ কোটি টাকা। ফলে এক অর্থবছরের ব্যবধানে খাতটিতে এডিপি বরাদ্দ বাড়ছে ৯ হাজার কোটি টাকা। প্রস্তাবিত বাজেটে অভ্যন্তরীণ উৎস থেকে ১ লাখ ৯০ হাজার কোটি টাকা এবং বৈদেশিক উৎস থেকে ১ লাখ ১০ হাজার কোটি টাকা সংস্থান করা হবে। তবে, বর্তমান প্রেক্ষাপটে এডিপির আকার 'বাস্তবায়নযোগ্য নয়' দাবি করে বিশ্বব্যাংকের ঢাকা কার্যালয়ের সাবেক মুখ্য অর্থনীতিবিদ জাহিদ হোসেন বলছেন, "একটা প্রেক্ষাপটের আচমকা পরিবর্তন ঘটেছে। বাজেট যে প্রেক্ষাপটে দেওয়া হয়েছে, তার গুরুত্ব বিবেচনার বিষয়। ওভারঅল বাজেট কত হওয়া উচিত, এডিপির আকার কত হওয়া উচিত, এগুলো বিবেচনার বিষয়।"
(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রিহাব)

## প্রশ্নপত্র দেওয়ার নামে শিক্ষার্থীদের থেকে অর্থ হাতিয়ে নেওয়া চক্রের চার সদস্য গ্রেফতার

চলমান এসএসসি ও সমমান পরীক্ষার প্রশ্নপত্র দেওয়ার নামে শিক্ষার্থীদের থেকে অর্থ হাতিয়ে নেওয়া চক্রের চার সদস্যকে গ্রেফতার করেছে কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম (সিটিটিসি)। চক্রটি দীর্ঘদিন ধরে প্রশ্নপত্র দেওয়ার নামে শিক্ষার্থী ও সাধারণ মানুষের কাছ থেকে টাকা আদায় করে আসছিল বলে জানিয়েছেন ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) সিটিটিসি যুগ্ম পুলিশ কমিশনার মুনশী শাহাবুদ্দীন। তিনি বলেন, বর্তমানের প্রশ্নপত্রের সঙ্গে তাদের দেওয়া প্রশ্নের মিল নেই। প্রতারণার মাধ্যমে অর্থ হাতিয়ে নিত তারা। শনিবার (২৫ এপ্রিল) রাজধানীর মিন্টু রোডে ডিএমপি মিডিয়া সেন্টারে আয়োজিত চলমান এসএসসি পরীক্ষা-২০২৬ এর প্রশ্নপত্র ফাঁস সম্পর্কিত অনলাইন প্রতারণা সংক্রান্ত এক সংবাদ সম্মেলনে এসব বলেন তিনি। গ্রেফতাররা হলেন- মো.সিফাত আহমেদ সজীব, মো. সালমান, মো. মেজবাউল আলম মাহি এবং মো.মহিউজ্জামান মুন্না। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রিহাব)

## ২০২৭ সালের এসএসসি পরীক্ষা চলতি বছরের ডিসেম্বরে : শিক্ষামন্ত্রী

২০২৭ সালের এসএসসি ও সমমান পরীক্ষা চলতি বছরের ডিসেম্বর মাসে অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ড. এহছানুল হক মিলন। দেশের শিক্ষাব্যবস্থায় সেশনজট নিরসনে এ পদক্ষেপ নেওয়া হচ্ছে বলে জানান তিনি। মন্ত্রীর ভাষ্য, একইভাবে এইচএসসি পরীক্ষাও এগিয়ে আসবে। এ সিদ্ধান্ত বাস্তবায়ন হলে অন্তত চার মাস এগিয়ে আসবে এসএসসি পরীক্ষা। শনিবার (২৫ এপ্রিল) দুপুরে সচিবালয়ে এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বদলি নীতিমালা নিয়ে বৈঠক শেষে সাংবাদিকদের এসব তথ্য জানান শিক্ষামন্ত্রী। শিক্ষার্থীদের জীবন থেকে সেশনজটের অভিশাপ দূর করতে বদ্ধপরিকর জানিয়ে শিক্ষামন্ত্রী বলেন, করোনা পরবর্তী সময়ে এবং রাজনৈতিক পরিস্থিতির কারণে পরীক্ষার সময়সূচি এলোমেলো হয়ে গিয়েছিল। সেসময় পুনরায় স্বাভাবিক ছন্দে ফিরিয়ে আনতে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আমরা ২০২৭ সালের এসএসসি পরীক্ষা চলতি বছরের ডিসেম্বরেই শেষ করতে চাই। একই কারণে এইচএসসি পরীক্ষাও এগিয়ে আনা হবে বলেও জানান শিক্ষামন্ত্রী। তবে এইচএসসি পরীক্ষা কবে শুরু হতে পারে, সে বিষয়ে তিনি কিছু জানাননি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রিহাব)

## তারেক সিদ্দিকীর ড্রাইভার-কেয়ারটেকার আবারও 8 দিনের রিমান্ডে

রাজধানীর নিউমার্কেট এলাকায় ব্যবসায়ী আব্দুল ওয়াদুদ হত্যা মামলায় মেজর জেনারেল (অব.) তারেক সিদ্দিকীর ড্রাইভার ও কেয়ারটেকারকে দ্বিতীয় দফায় চারদিনের রিমান্ডে নিয়েছে পুলিশ। তদন্তের স্বার্থে আদালত এ আদেশ দেন। আদালত সূত্রে জানা গেছে, সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাবেক সামরিক উপদেষ্টা মেজর জেনারেল (অব.) তারেক সিদ্দিকীর ড্রাইভার মো. মহিদুল ইসলাম (৪২) এবং কেয়ারটেকার মো. চান মিয়াকে (৪৬) দ্বিতীয় দফায় চারদিন করে রিমান্ডে নেওয়ার অনুমতি দিয়েছেন আদালত। শুক্রবার (২৪ এপ্রিল) প্রথম দফার রিমান্ড শেষে তাদের ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে হাজির করে পুলিশ। মামলার তদন্ত কর্মকর্তা সুষ্ঠু তদন্তের স্বার্থে তাদের ৭ দিনের

রিমান্ড আবেদন করেন। শুনানি শেষে ঢাকা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আলবিরুনী মীর প্রত্যেকের চারদিন করে রিমান্ড মঞ্জুর করেন। এর আগে, গত ১৯ এপ্রিল ঠাকুরগাঁও থেকে মহিদুল ইসলাম এবং ঢাকার ভাসানটেক এলাকা থেকে চান মিয়াকে গ্রেফতার করা হয়। পরদিন ২০ এপ্রিল আদালত প্রথম দফায় তাদের চারদিন করে রিমান্ডে পাঠান। মামলার এজাহার সূত্রে জানা গেছে, ২০২৪ সালের ১৯ জুলাই বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় নিউমার্কেট থানাধীন নীলক্ষেত এলাকায় গুলিতে নিহত হন ব্যবসায়ী আব্দুল ওয়াদুদ। এ ঘটনায় তার শ্যালক আব্দুর রব বাদী হয়ে নিউমার্কেট থানায় একটি হত্যা মামলা দায়ের করেন। মামলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সাবেক সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরসহ মোট ১৩০ জনকে আসামি করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রিহাব)

## টাকা ছাপিয়ে ঋণ নয়, প্রাইভেট সেক্টরকে রক্ষা করাই নীতি : অর্থমন্ত্রী

অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, টাকা ছাপিয়ে স্থানীয় ব্যাংক থেকে ঋণ নিয়ে অর্থনীতির যে ক্ষতি হয়েছে, সেখান থেকে আমাদের বেরিয়ে আসতে হবে। এই জায়গা থেকে আমরা সরবো না। তিনি বলেন, এই ধরনের নীতিতে একদিকে সুদের হার বেড়ে যায়, অন্যদিকে বেসরকারি খাত ‘ক্রাউড আউট’ হয়ে পড়ে, যা কোনোভাবেই টেকসই অর্থনীতির জন্য সহায়ক নয়। শনিবার (২৫ এপ্রিল) অর্থ মন্ত্রণালয় আয়োজিত প্রাক-বাজেট আলোচনায় তিনি এসব কথা বলেন। অর্থমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় ইকোনমিক রিপোর্টার্স ফোরামের (ইআরএফ) কার্যনির্বাহী কমিটির সদস্য ও অর্থ মন্ত্রণালয়ের নিউজ কাভার করা সাংবাদিকরা উপস্থিত ছিলেন। অর্থমন্ত্রী বলেন, বর্তমান সরকার এমন একটি নীতিগত অবস্থানে থাকতে চায়, যেখানে উচ্চমাত্রার মুদ্রা সরবরাহ (হাই পাওয়ার মানি) তৈরি করে মূল্যস্ফীতি বাড়ানো হবে না এবং বেসরকারি খাতের ওপর চাপ সৃষ্টি করা হবে না। এটা আমাদের অর্থনৈতিক নীতির অন্যতম প্রধান গাইডলাইন ও প্রিন্সিপাল। তিনি অভিযোগ করেন, অতীতে পৃষ্ঠপোষকতার রাজনীতির কারণে দেশের অর্থনীতি কিছু মানুষের হাতে কেন্দ্রীভূত হয়ে পড়ে। বাংলাদেশের অর্থনীতি অলিগার্কদের হাতে চলে গিয়েছিল। এতে অর্থনীতি রাজনৈতিক প্রভাবের মধ্যে পড়ে। এ অবস্থা থেকে বেরিয়ে আসতেই সরকার ‘ডেমোক্রেটাইজেশন অব ইকোনমি’ বা অর্থনীতির গণতন্ত্রীকরণের ওপর জোর দিচ্ছে। অর্থমন্ত্রী বলেন, অর্থনীতির সুফল যাতে সমাজের সব স্তরের মানুষের কাছে পৌঁছায়, সে লক্ষ্যেই বিভিন্ন উদ্যোগ নেওয়া হচ্ছে। এর অংশ হিসেবে ‘ফ্যামিলি কার্ড’ কর্মসূচির মাধ্যমে নারীদের সরাসরি ক্ষমতায়নের চেষ্টা করা হচ্ছে। তিনি বলেন, পরিবারের ব্যয় ব্যবস্থাপনায় নারীরাই সবচেয়ে দক্ষ, তাই তাদের হাতে অর্থ পৌঁছালে তা সাশ্রয় ও বিনিয়োগ উভয় ক্ষেত্রেই ইতিবাচক প্রভাব ফেলবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রিহাব)

## যুক্তরাষ্ট্রে আরেক বাংলাদেশি শিক্ষার্থী নাহিদাও মারা গেছেন

যুক্তরাষ্ট্রে নিখোঁজ দুই বাংলাদেশি শিক্ষার্থীর মধ্যে এখনো নিখোঁজ থাকা নাহিদা সুলতানা বৃষ্টির ভাই জানিয়েছেন যে, তার বোন জীবিত নেই। মার্কিন পুলিশ এ তথ্য জানিয়েছে। এর আগে, নিখোঁজ অপর শিক্ষার্থী জামিল লিমনের মরদেহ ফ্লোরিডার কাছের ট্যাম্পা বে-এর একটি সেতু থেকে উদ্ধার করা হয়েছে এবং তার রুমমেটকে আটক করা হয়েছে বলে শুক্রবার আইন-শৃঙ্খলা বাহিনী জানায়। ঢাকায় থাকা বৃষ্টির ভাই জাহিদ হাসান প্রান্তের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বিবিসিকে জানান, পুলিশ এখনো মরদেহ না পেলেও, সন্দেহভাজনের অ্যাপার্টমেন্টে পাওয়া রক্তের পরিমাণ দেখে তারা বিষয়টি নিশ্চিত করেছে। তাদের পরিবারকে শনিবার ভোরবেলা ফোন করে সেটি জানানো হয়েছে। শুক্রবার টাম্পার হাওয়ার্ড ফ্রাঙ্কলিন ব্রিজের কাছ থেকে জামিল লিমনের মরদেহ উদ্ধার করেছে পুলিশ। ময়নাতদন্ত শেষ না হওয়ায় কীভাবে তার মৃত্যু হয়েছে, এখনো তা পুলিশ জানায়নি। তবে, নাহিদা বৃষ্টির মরদেহ পাওয়া গেছে কি না, সেই বিষয়ে স্থানীয় পুলিশের পক্ষ থেকে এখনো কোনো ঘোষণা দেওয়া হয়নি। নিহত দুই শিক্ষার্থী পিএইচডি করতে যুক্তরাষ্ট্রে অবস্থান করছিলেন। পুলিশের তথ্য অনুযায়ী, গত ১৬ এপ্রিল সর্বশেষ জামিল ও নাহিদাকে দেখা যায়।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রিহাব)

## পূজা চেরির বাবা গ্রেফতার, পাঠানো হলো কারাগারে

চলচ্চিত্র প্রযোজনার প্রলোভন দেখিয়ে বিপুল অর্থ আত্মসাতের অভিযোগে চিত্রনায়িকা পূজা চেরির বাবা দেবু প্রসাদ রায়কে গ্রেফতার করেছে পুলিশ। পরে আদালতের নির্দেশে তাকে কারাগারে পাঠানো হয়েছে। প্রতারণার মাধ্যমে ১৩ কোটির বেশি টাকা নেওয়ার অভিযোগে করা মামলাটি সম্প্রতি প্রকাশ্যে এসেছে। আদালত সূত্রে জানা যায়, রাজধানীর ক্যান্টনমেন্ট থানায় করা প্রতারণা ও অর্থ আত্মসাতের মামলায় দেবু প্রসাদ রায়কে গ্রেফতারের পর আদালতে সোপর্দ করা হয়। পরে ঢাকা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট হাসিব উল্লাহ পিয়াস তাকে কারাগারে পাঠানোর আদেশ দেন। গত ১৮ এপ্রিল এ আদেশ দেওয়া হলেও, বিষয়টি শনিবার (২৫ এপ্রিল) সামনে আসে। মহানগর পুলিশের প্রসিকিউশন বিভাগ বিষয়টি নিশ্চিত করে। ক্যান্টনমেন্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. রাকিবুল হাসান জাগো নিউজকে বলেন, প্রায় ৮ থেকে ১০ দিন আগে তাকে গ্রেফতার করে আদালতে পাঠানো হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রিহাব)

## আগামী ৪ দিন যে দুই বিভাগে অতিভারী বর্ষণ হতে পারে

দেশের দুই বিভাগে আগামী চারদিনে ভারী থেকে অতিভারী বর্ষণের আভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। শনিবার (২৫ এপ্রিল) ভারী বৃষ্টিপাতের সতর্কবার্তায় সংস্থাটি এ তথ্য জানায়। সতর্কবার্তায় বলা হয়, দেশের উত্তরাঞ্চল ও তৎসংলগ্ন এলাকায় গভীর সঞ্চালনশীল মেঘমালা তৈরি হতে পারে এবং তা অব্যাহত থাকতে পারে। এর প্রভাবে শনিবার (২৫ এপ্রিল) সন্ধ্যা ৬টা থেকে পরবর্তী ৯৬ ঘণ্টায় ময়মনসিংহ ও সিলেট বিভাগের কোথাও কোথাও ভারী (৪৪-৮৮ মি. মি. (২৪ ঘণ্টা) থেকে অতি ভারী (১৮৮ মি. মি. (২৪ ঘণ্টা) বর্ষণ হতে পারে। ভারী থেকে অতি ভারী বর্ষণের কারণে ময়মনসিংহ ও সিলেট মহানগরীর কোথাও কোথাও অস্থায়ীভাবে জলাবদ্ধতা তৈরি হতে পারে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রিহাব)

## বিএনপি পালিয়ে যাওয়া ফ্যাসিবাদের রাস্তা ধরে হাঁটা শুরু করেছে

বিএনপি প্রত্যেকটি বিষয়ে পালিয়ে যাওয়া ফ্যাসিবাদের রাস্তা ধরে হাঁটা শুরু করেছে বলে মন্তব্য করেছেন বিরোধীদলীয় নেতা ও জামায়াতের আমির শফিকুর রহমান। তিনি বলেছেন, "হাজার চেষ্টা করেন ওই আওয়ামী লীগ হতে পারবেন না, দুর্বল আওয়ামী লীগ হতে পারবেন।" শনিবার (২৫ এপ্রিল) দুপুরে রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে জামায়াত আয়োজিত এক সমাবেশে দলের আমির শফিকুর রহমান এসব কথা বলেন। জুলাই শহিদ পরিবার ও জুলাই যোদ্ধাদের নিয়ে এ সমাবেশের আয়োজন করা হয়। সমাবেশে জামায়াত আমির শফিকুর রহমান বলেন, সেই আওয়ামী লীগ যারা জাতিকে নিয়ে বিরোধী দলকে নিয়ে ব্যঙ্গ-বিদ্রুপ করতো, আজ তারা কোথায়? আর তারা (বিএনপি) একই কাজ শুরু করেছে। যে আওয়ামী লীগ তাদের পোষ্য লাঠিয়ালদের দিয়ে সমাজের বিভিন্ন জায়গায় কর্তৃত্ব কায়েম করেছিল। সেই আওয়ামী লীগের পাশে তাদের দুঃখের দিনে কোনো লাঠিয়াল এসে দাঁড়াতে পারেনি। সুশাসন কায়েমের জন্য রাষ্ট্রের মৌলিক যে-সব জায়গায় পরিবর্তন করা দরকার, প্রত্যেকটি বিষয়ে বিএনপি বিরোধিতা করে চলছে বলে উল্লেখ করে শফিকুর রহমান বলেন, এটি জাতির সঙ্গে সুস্পষ্ট প্রতারণা। বিএনপি তাদের ৩১ দফা কর্মসূচি, দলীয় ইশতেহারেরও বিরোধিতা করছে। তারা যে বিরোধিতা করছে, সেই জ্ঞানটাও তারা হারিয়ে ফেলেছে বলে মনে হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রিহাব)

## পোশাক খাতের উৎপাদন খরচ ২০% বেড়েছে : বিকেএমইএ সভাপতি

ইরান-ইসরায়েল যুদ্ধের কারণে জ্বালানির দামবৃদ্ধি ও সরবরাহ সংকটের ফলে দেশের তৈরি পোশাক খাতে উৎপাদন ব্যয় ২০ শতাংশের বেশি বেড়েছে বলে জানিয়েছেন, বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের (বিকেএমইএ) সভাপতি মোহাম্মদ হাতেম। শনিবার (২৫ এপ্রিল) বাংলাদেশ ইন্টারন্যাশনাল টেক্সটাইল, নিটিং অ্যান্ড গার্মেন্ট ইন্ডাস্ট্রি এক্সিবিশন (বিটিকেজি এক্সপো ২০২৬) উপলক্ষ্যে রাজধানীর একটি হোটেলে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। বিকেএমইএ ও ইনফরচেইন ডিজিটাল টেকনোলজি কোম্পানি লিমিটেডের যৌথ উদ্যোগে এ প্রদর্শনীর আয়োজন করা হচ্ছে। আয়োজকেরা জানান, প্রায় ৩০টি দেশের এক হাজারের বেশি প্রদর্শক এতে অংশ নেবেন। রাজধানীর ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরা (আইসিসিবি) প্রাঙ্গণে ২৯ এপ্রিল শুরু হয়ে ২ মে পর্যন্ত চলবে এই মেলা। সংবাদ সম্মেলনে এক প্রশ্নের জবাবে মোহাম্মদ হাতেম বলেন, ব্যবসার পরিস্থিতি বর্তমানে খুবই খারাপ। ব্যাংকিং খাতের নানা অসহযোগিতার কারণে অনেক কারখানা এরই মধ্যে বন্ধ হয়ে গেছে, আরও বন্ধ হওয়ার আশঙ্কা রয়েছে। এলসি খোলা, আমদানি-রপ্তানি কার্যক্রম এবং ঋণসুবিধা পাওয়ার ক্ষেত্রে জটিলতা তৈরি হচ্ছে। একইসঙ্গে কাস্টমসের জটিলতা ও কিছু ক্ষেত্রে স্বেচ্ছাচারিতার অভিযোগও করেন তিনি, যা বাণিজ্য কার্যক্রমে বাধা সৃষ্টি করছে বলে জানান। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রিহাব)

## ঢাকার ৬ খেলার মাঠে হকার বসানোর পরিকল্পনা

ঢাকার ফুটপাতের হকারদের পুনর্বাসনে ৬টি খোলা মাঠে অস্থায়ী মার্কেট গড়ে তোলার পরিকল্পনা নেওয়া হয়েছে বলে জানিয়েছেন, ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) প্রশাসক শফিকুল ইসলাম খান। তিনি জানান, নির্ধারিত এসব স্থানে হকারদের নিবন্ধনের মাধ্যমে বসানো হবে এবং একটি নির্দিষ্ট ফি আদায়ের মাধ্যমে স্থানগুলো রক্ষণাবেক্ষণ করা হবে। শনিবার (২৫ এপ্রিল) সকালে গুলশানের একটি হোটেলে 'ঢাকা কি মৃত নগরী হতে যাচ্ছে? সমাধানে করণীয়' শীর্ষক এক নগর সংলাপের প্রধান অতিথির বক্তব্যে ডিএনসিসি প্রশাসক শফিকুল ইসলাম খান এসব কথা বলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রিহাব)

## নৌবাহিনীর অভিযানে ৩ হাজার লিটার মজুত ডিজেলসহ আটক ১

নোয়াখালীর হাতিয়ায় পরিচালিত এক যৌথ অভিযানে অবৈধভাবে মজুত করা ৩ হাজার লিটার ডিজেলসহ একজনকে আটক করা হয়েছে। আটক ব্যক্তির নাম মো. মহিউদ্দিন (৪৫)। শনিবার (২৫ এপ্রিল) আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানায়। আইএসপিআর জানায়, গতকাল শুক্রবার (২৪ এপ্রিল) দিনগত রাতে হাতিয়া উপজেলার জাহাজমারা ইউনিয়নের কালামচর সুইচ ঘাট সংলগ্ন এলাকায় বাংলাদেশ নৌবাহিনী কন্টিনজেন্ট ও হাতিয়া থানা পুলিশের সমন্বয়ে যৌথ অভিযান পরিচালনা করা হয়। অভিযানকালে মা-বাবার দোয়া, বরফ কল সংলগ্ন এলাকা থেকে মজুত করা ১৫টি ব্যারেলে মোট ৩ হাজার লিটার ডিজেল জব্দ করা হয়।

অতিরিক্ত মুনাফার লোভে ডিজেল মজুত করে বাজারে কৃত্রিম সংকট তৈরি করার দায়ে মো. মহিউদ্দিন নামের এক ব্যক্তিকে আটক করা হয়। অভিযান শেষে জব্দকৃত ডিজেল ও আটক ব্যক্তিকে পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য হাতিয়া থানায় হস্তান্তর করা হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, জাতীয় স্বার্থবিরোধী এ ধরনের অবৈধ জ্বালানি মজুত বা পাচার কার্যক্রম কঠোরভাবে দমন করার লক্ষ্যে নিয়মিত অভিযান পরিচালনা করে যাচ্ছে বাংলাদেশ নৌবাহিনী। এ ধরনের অপরাধ প্রতিরোধে নৌবাহিনীর অভিযান অব্যাহত থাকবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রিহাব)

**যে-কোনো মূল্যে ধানমন্ডি লেকের পরিবেশ সংরক্ষণ করা হবে : ডিএসসিসি প্রশাসক**

যে-কোনো মূল্যে রাজধানীর ধানমন্ডি লেকের পরিবেশ ও ভারসাম্য সংরক্ষণ করা হবে বলে জানিয়েছেন, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) প্রশাসক আবদুস সালাম। শনিবার (২৫ এপ্রিল) লেকে বিশেষ পরিচ্ছন্নতা ও মশক নিধন অভিযান পরিচালনাকালে তিনি এ কথা বলেন। অভিযানে ডিএসসিসির বর্জ্য ব্যবস্থাপনা ও স্বাস্থ্য বিভাগের মোট ৬০০ কর্মী অংশ নেন। ডিএসসিসি প্রশাসক বলেন, লেকের যতটুকু জায়গা ইজারা দেওয়া হয়েছে, ব্যবসায়ীদের ঠিক ততটুকু সীমানার মধ্যেই ব্যবসা পরিচালনা করতে হবে। ইজারার শর্ত ভঙ্গ বা সীমানা লঙ্ঘন করলে, তাৎক্ষণিকভাবে ইজারা বাতিল করা হবে। কর্মসূচিতে উপস্থিত ছিলেন সড়ক পরিবহণ ও সেতু, রেলপথ এবং নৌ পরিবহণ মন্ত্রণালয়ের মন্ত্রী শেখ রবিউল আলম। তিনি ডিএসসিসির সাম্প্রতিক কার্যক্রমের ভূয়সী প্রশংসা করে বলেন, ধানমন্ডি লেক ঘিরে লাইব্রেরি, জিমনেসিয়াম ও অন্যান্য অবকাঠামোগত উন্নয়নের মাধ্যমে এই এলাকার ফুসফুস খ্যাত লেকটি রক্ষা করবে ডিএসসিসি। নানা সীমাবদ্ধতা সত্ত্বেও মশক নিধন ও বর্জ্য ব্যবস্থাপনায় ডিএসসিসি আগের তুলনায় দৃশ্যমান উন্নতি করেছে জানিয়ে মন্ত্রী উল্লেখ করেন, বর্তমান প্রশাসকের কঠোর তৎপরতার কারণেই মশা নিয়ন্ত্রণ ও সার্বিক কার্যক্রম গতিশীল হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রিহাব)

**টেলিযোগাযোগ খাতে গতি আনতে বিদেশি বিনিয়োগ চান বিটিআরসি চেয়ারম্যান**

দেশের টেলিযোগাযোগ খাতে গতি আনতে দেশীয় বিনিয়োগের পাশাপাশি বিদেশি বিনিয়োগ চেয়েছেন, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের (বিটিআরসি) চেয়ারম্যান মেজর জেনারেল (অব.) এমদাদ উল বারী। তিনি বলেন, টেলিযোগাযোগ খাতের টেকসই উন্নয়ন ও ভবিষ্যৎ প্রযুক্তি বাস্তবায়নে ফাইবার অপটিক নেটওয়ার্ক ও টাওয়ার অবকাঠামোয় বড়ো পরিসরের বিনিয়োগ জরুরি। বর্তমান গতিতে অবকাঠামো উন্নয়ন অব্যাহত থাকলে কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে দীর্ঘ সময় লাগবে, যা ফাইভজি ও আধুনিক ডিজিটাল সেবার বিস্তারে বাধা হয়ে দাঁড়াতে পারে। তাই দেশীয় বিনিয়োগের পাশাপাশি বিদেশি বিনিয়োগ আকৃষ্ট করে এই খাতে গতি আনতে হবে। শনিবার (২৫ এপ্রিল) 'নতুন টেলিযোগাযোগ নীতিমালা : উদ্যোক্তাদের প্রত্যাশা' শীর্ষক সেমিনারে বিটিআরসি চেয়ারম্যান এসব কথা বলেন। রাজধানীর হলিডে ইন হোটেলে টেলিকম অ্যান্ড টেকনোলজি রিপোর্টার্স নেটওয়ার্ক, বাংলাদেশ (টিআরএনবি) এ সেমিনারের আয়োজন করে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রিহাব)

**জনগণের ক্ষমতায়ন ও তরুণদের আকাঙ্ক্ষা পূরণে কাজ করবে সরকার : মাহদী আমিন**

জনগণের ক্ষমতায়ন ও তরুণদের আকাঙ্ক্ষা পূরণে বর্তমান সরকার কাজ করবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা মাহদী আমিন। নতুন প্রজন্মকে এগিয়ে নিতে শিক্ষা কারিকুলামে যুগোপযোগী পরিবর্তন আনা হবে বলেও জানিয়েছেন তিনি। শনিবার (২৫ এপ্রিল) সকালে রাজধানীর ইস্কাটন গার্ডেনে 'ডিএনএ-এর নকশার উন্মোচন থেকে বাংলাদেশের বায়ো-ইকোনোমির ভবিষ্যৎ' শীর্ষক গোলটেবিল বৈঠকে এ কথা জানান প্রধানমন্ত্রীর কার্যালয়ের এই মুখপাত্র। মাহদী আমিন বলেন, বায়োটেকের ক্ষেত্রে আমাদের কয়েকটা প্র্যাক্টিক্যাল ইমপ্লিকেশনস আছে, যেগুলো গভর্নমেন্টের গোলস এবং জনগণের স্বার্থের সঙ্গে সরাসরি অ্যালাইনমেন্ট আছে। আমাদের একটা বড়ো লক্ষ্য হচ্ছে ভ্যাকসিনেশন নিয়ে কাজ করা- হিউম্যান এবং লাইভস্টকের ক্ষেত্রে। বায়োটেকের সঙ্গে এটার সরাসরি সম্পৃক্ততা রয়েছে। আমরা কীভাবে আমাদের ভ্যাকসিনের ক্ষেত্রে আরও বেশি স্বনির্ভরতা তৈরি করতে পারি, এটা এখন একদম কারেন্ট ইস্যু।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রিহাব)

**বিএনপি চেয়ারম্যানের উপদেষ্টা ডা. আব্দুল কুদ্দুস মারা গেছেন**

বিএনপি চেয়ারম্যান তারেক রহমানের উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা অধ্যাপক ডা. মো. আব্দুল কুদ্দুস মারা গেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। শনিবার (২৫ এপ্রিল) দুপুর ২টা ২০ মিনিটে রাজধানীর ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস ও হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। তিনি দীর্ঘদিন ধরে হাসপাতালের আইসিইউতে চিকিৎসাধীন ছিলেন। তার বয়স হয়েছিল ৭৬ বছর। তিনি এক ছেলে, এক মেয়ে ও নাতি-নাতনিসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান বিষয়টি নিশ্চিত করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রিহাব)

**গণ-অভ্যুত্থানের পর সংস্কারের প্রতি পদে বাধা দিয়েছে বিএনপি : নাহিদ ইসলাম**

৫ আগস্ট গণ-অভ্যুত্থানের পর সংস্কারের প্রতিটি পদে বিএনপি বাধা দিয়েছিল বলে অভিযোগ করেছেন বিরোধীদলীয় চিফ হুইপ ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম। তিনি বলেন, "জনগণের চাপে গণভোটে রাজি হলেও, নির্বাচনের পর বিএনপি গণভোটকে অস্বীকার করা শুরু করেছে। কিন্তু তাদের জন্মই হয়েছিল গণভোটের

মাধ্যমে। বিএনপি এখন তার অস্তিত্বকে অস্বীকার করতে শুরু করেছে। তারা প্রতিষ্ঠান দলীয়করণের মাধ্যমে আওয়ামী লীগের পথে হাঁটছে। পুরোনো স্বৈরাচারের পথে, তারা দেশকে এগিয়ে নিতে চাইলে জনগণ রুখে দাঁড়াবে। তরুণরা আবার রাস্তায় দাঁড়াতে বাধ্য হবে।” শনিবার (২৫ এপ্রিল) রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে এক সমাবেশে নাহিদ ইসলাম এসব কথা বলেন। জুলাই শহিদ পরিবার ও জুলাই যোদ্ধাদের নিয়ে এ সমাবেশের আয়োজন করে বাংলাদেশ জামায়াতে ইসলামী। এনসিপির আহ্বায়ক বলেন, “আমরা দেশে কোনো অস্থিতিশীলতা চাই না। আমাদের দাবি একটাই, গণভোটের গণরায় বাস্তবায়ন করে জুলাই গণ-অভ্যুত্থানকে প্রকৃত সম্মান দেওয়া, জুলাই শহিদ পরিবারকে প্রকৃত সম্মান দেওয়া, আহত যোদ্ধাদের প্রকৃত সম্মান দেওয়া। আমরা সেটার জন্য রাজপথে আছি, সংসদে আছি। ইনশাল্লাহ আমরা ঐক্যবদ্ধভাবে আমাদের সে দাবি আদায় করে ছাড়বো।”
(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রিহাব)

## এসএসসির প্রশ্নফাঁসের অভিযোগ, শিক্ষা বোর্ডের অস্বীকার

চলমান এসএসসি ও সমমান পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ উঠেছে। তবে এ অভিযোগ অস্বীকার করেছে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড। বোর্ডের পক্ষ থেকে সতর্কীকরণ বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে। শনিবার (২৫ এপ্রিল) বিকেলে ঢাকা শিক্ষা বোর্ড এ সতর্কীকরণ বিজ্ঞপ্তি দিয়েছে। এতে বলা হয়েছে, এ সংক্রান্ত ভুয়া ও বিভ্রান্তিকর তথ্য সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে দিয়ে একটি অসাধু চক্র শিক্ষার্থী, অভিভাবক এবং সাধারণ জনগণের মধ্যে বিভ্রান্তি, আতঙ্ক ও নৈতিক অবক্ষয় সৃষ্টির অপচেষ্টা চালাচ্ছে এবং সরকারের ভাবমূর্তি বিনষ্টের চেষ্টা করছে। সতর্কীকরণ বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, গত ২০ এপ্রিল পুলিশের সিটি ইন্টেলিজেন্স অ্যানালাইসিস বিভাগের (সিটিটিসি) সামাজিক যোগাযোগমাধ্যম পর্যবেক্ষণের মাধ্যমে এসএসসি ২০২৬ প্রশ্নপত্র ফাঁস গ্রুপ নামে একটি ফেসবুক পেজ শনাক্ত করা হয়। প্রাপ্ত তথ্য ও প্রযুক্তিগত বিশ্লেষণের ভিত্তিতে সিটিটিসির একটি বিশেষ দল ২৩ এপ্রিল ঢাকা জেলার আশুলিয়া থানার জিরাবো টাঙ্গুর এলাকায় অভিযান পরিচালনা করে মূল হোতাসহ চারজনকে গ্রেফতার করতে সক্ষম হয়। ‘গ্রেফতার ব্যক্তিরা অবৈধ আর্থিক লাভ এবং সরকারের ভাবমূর্তি বিনষ্ট করার উদ্দেশ্যে প্রশ্নপত্র ফাঁসের মিথ্যা প্রচার চালিয়ে চলমান পরীক্ষা কার্যক্রম ব্যাহত করার অপচেষ্টায় লিপ্ত’ বলেও বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রিহাব)

## সরকারকে ২০ হাজার কোটি টাকা ছাপিয়ে দেওয়ার তথ্য সঠিক নয় : গভর্নর

সরকারকে ২০ হাজার কোটি টাকা ছাপিয়ে দেওয়ার যে খবর সম্প্রতি বিভিন্ন মাধ্যমে প্রচারিত হচ্ছে, তা সঠিক নয় বলে জানিয়েছেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর মো. মোস্তাকুর রহমান। তিনি বলেন, বাস্তবতার সঙ্গে এর কোনো মিল নেই। শনিবার (২৫ এপ্রিল) সচিবালয়ে প্রিন্ট, ইলেকট্রনিক ও অনলাইন গণমাধ্যমের সম্পাদক ও প্রধান নির্বাহীদের সঙ্গে অর্থ মন্ত্রণালয় আয়োজিত প্রাক-বাজেট আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী সভায় সভাপতিত্ব করেন। গভর্নর বলেন, দেশের ব্যাংকিং খাত বর্তমানে একটি জটিল পরিস্থিতির মধ্যদিয়ে যাচ্ছে। উল্লেখযোগ্য পরিমাণ ঋণখেলাপির আওতায় থাকলেও, এর একটি বড়ো অংশের বিপরীতে কোনো দৃশ্যমান সম্পদ বা যথাযথ কাগজপত্র নেই। ফলে এসব ঋণকে প্রচলিত অর্থে খেলাপি বলা কঠিন, অনেক ক্ষেত্রেই এগুলো সরাসরি অর্থ আত্মসাৎ বা চুরি হিসেবে বিবেচনা করা যেতে পারে। এই পরিস্থিতিতে সম্পদ পুনরুদ্ধার প্রক্রিয়া ধীরগতির, কারণ বেনামি লেনদেন ও গোপন সম্পদ শনাক্ত করা একটি বড়ো চ্যালেঞ্জ বলে উল্লেখ করেন মোস্তাকুর রহমান। তিনি বলেন, আন্তর্জাতিকভাবে খেলাপি ঋণের বিপরীতে সাধারণত সম্পদ থাকে এবং বিশেষ ব্যবস্থাপনা কোম্পানির মাধ্যমে তা আংশিক উদ্ধার করা হয়। কিন্তু বাংলাদেশের ক্ষেত্রে আদায়যোগ্য প্রকৃত সম্পদের পরিমাণ নির্ধারণই একটি বড়ো প্রশ্ন হয়ে দাঁড়িয়েছে। গত বৃহস্পতিবার (২৩ এপ্রিল) বেসরকারি গবেষণা সংস্থা পলিসি রিসার্চ ইনস্টিটিউটের (পিআরআই) প্রধান অর্থনীতিবিদ ড. আশিকুর রহমান বলেন, মার্চেই বাংলাদেশ ব্যাংক থেকে সরকার প্রায় ২০ হাজার কোটি টাকা ঋণ নিয়েছে। এটা হাইপাওয়ার মানি, ছাপানো টাকা। অর্থাৎ এটার প্রভাবে মূল্যস্ফীতি বাড়তে পারে। এর ভিত্তিতে গণমাধ্যমে প্রচারিত সংবাদ নিয়ে উদ্বেগ প্রকাশ করে গভর্নর বলেন, এসব তথ্য দেশের অর্থনৈতিক ভাবমূর্তির ওপর নেতিবাচক প্রভাব ফেলছে। ২০ হাজার কোটি টাকা ছাপিয়ে সরকারকে দেওয়ার তথ্য কোনোভাবেই সত্য না। এর আসলে কোনো অস্তিত্ব নেই। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রিহাব)

## ভালো কোম্পানি শেয়ারবাজারকে ‘ক্যাসিনো’ মনে করে : অর্থমন্ত্রী

অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, শেয়ারবাজার তার ‘ফেভারিট সাবজেক্ট’, তবে বর্তমানে অনেক ভালো কোম্পানি বাজারটিকে ‘ক্যাসিনো’ হিসেবে মনে করে, যা বিনিয়োগ পরিবেশের জন্য উদ্বেগজনক। শনিবার (২৫ এপ্রিল) সচিবালয়ে প্রিন্ট, ইলেকট্রনিক ও অনলাইন গণমাধ্যমের সম্পাদক ও প্রধান নির্বাহীদের সঙ্গে আয়োজিত প্রাক-বাজেট আলোচনায় তিনি এ কথা বলেন। অর্থমন্ত্রী বলেন, শেয়ারবাজার তো আমার একটা ফেভারিট সাবজেক্ট। বাংলাদেশ শেয়ারবাজারে ধ্বংস হওয়ার কারণ কী? সবাই উচ্চ সুদে ব্যাংক থেকে ঋণ নিয়েছে। স্বল্প মেয়াদে আমানত নিয়ে, দীর্ঘমেয়াদে ঋণ দিয়েছে উচ্চ সুদে। বড়ো প্রজেক্টে উচ্চ সুদে ঋণ নেওয়া ক্ষতিকর। এটা নেওয়ার কথা ছিল পুঁজিবাজার থেকে। আমাদের পুঁজিবাজার তো নেই। যেটার জন্য একদিকে বিপদে পড়েছে ব্যাংক, অন্যদিকে বিপদে পড়েছে ব্যবসায়ীরা। উচ্চ ব্যয়ে ঋণ করেছে, এখন এটা পরিশোধ করতে হচ্ছে। অন্যদিকে ব্যাংকগুলো বিপদে পড়েছে কারণ

তারা পরিশোধ করতে পারছে না। তিনি বলেন, পুঁজিবাজারের ওপর আমাদের বড়ো ধরনের প্রোগ্রাম আছে, একটু অপেক্ষা করেন, দেখতে পারবেন। আমাদের পুঁজিবাজার পুরোপুরি সংস্কার হবে। যারা পুঁজিবাজারে বিনিয়োগ করেছে, তাদের স্বার্থ সংরক্ষণ করতে হবে, তালিকাভুক্ত কোম্পানিগুলোর আস্থা সৃষ্টি করতে হবে। কারণ ভালো কোম্পানি আসতে চায়। যারা ভালো কোম্পানি, তারা এটাকে ক্যাসিনো মনে করে। ক্যাসিনোতে কোনো ভালো কোম্পানি তো যাবে না। তিনি আরও বলেন, বিনিয়োগকারীদের আস্থা একদিকে, অন্যদিকে যারা তালিকাভুক্ত হবে, তাদের আস্থা সৃষ্টি করতে হবে। ডিরেগুলেট একটা পরিবেশ সৃষ্টি করতে হবে। প্রাতিষ্ঠানিক বিনিয়োগ ছাড়া পুঁজিবাজার গ্রো করে না। রিটেল ইনভেস্টর দরকার, কিন্তু ইনস্টিটিউশনাল ইনভেস্টমেন্ট ছাড়া বড়ো ধরনের ক্যাপিটাল মার্কেট কোনো দিনও হতে পারে না। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রিহাব)

## ব্যাংক রেজুলেশন আইনে ব্যাংকিং খাত আবারও ঝুঁকির মুখে পড়তে পারে

সংশোধিত ব্যাংক রেজুলেশন আইন, ২০২৬ পাসের পর দেশের ব্যাংকিং খাত আবারও ঝুঁকির মুখে পড়তে পারে। আইনের ১৮(ক) ধারার সুযোগ নিয়ে অতীতে অনিয়ম ও লুটপাটে জড়িত ব্যক্তিরা পুনরায় ব্যাংকের মালিকানায় ফিরে আসার সুযোগ পেতে পারেন। শনিবার (২৫ এপ্রিল) ‘সংশোধিত ব্যাংক রেজুলেশন আইন, ২০২৬ : আবারও ঝুঁকিতে ব্যাংকিং খাতের শৃঙ্খলা’ শীর্ষক গোলটেবিল বৈঠকে বিশেষজ্ঞরা এমন আশঙ্কা প্রকাশ করেন। রাজধানীর কারওয়ান বাজারে ভয়েস ফর রিফর্ম এ বৈঠকের আয়োজন করে। বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্টের সাবেক মহাপরিচালক তৌফিক আহমদ চৌধুরী বলেন, দেশে আইনের ঘাটতি নয়, বরং বাস্তবায়নের অভাবই বড়ো সমস্যা। নতুন আইনটি অপরাধীদের জবাবদিহির আওতায় আনার পরিবর্তে তাদের জন্য ‘বেইল আউট’ সুবিধা তৈরি করছে। তিনি জানান, আমানতকারীদের পুরো অর্থ ফেরত দেওয়া শুধু নৈতিক দায় নয়, এটি বাংলাদেশ ব্যাংকের আইনি দায়িত্বও। শুধু আমানত বিমার সীমার দুই লাখ টাকা দিয়ে দায় এড়ানো যাবে না।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রিহাব)

## ভয় দেখিয়ে জামায়াতকে কাবু করা যাবে না, মির্জা ফখরুলকে গোলাম পরওয়ার

নির্মূল করার হুমকি দিয়ে, ভয় দেখিয়ে বাংলাদেশ জামায়াতে ইসলামীকে কাবু করা যাবে না বলে মন্তব্য করেছেন দলটির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। ‘জামায়াতকে পুরোপুরি রাজনৈতিকভাবে নির্মূল করতে হবে’- বিএনপি মহাসচিব ও স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীরের এমন বক্তব্যের প্রতিবাদ জানিয়ে তিনি এ কথা বলেন। শনিবার (২৫ এপ্রিল) এক বিবৃতিতে মির্জা ফখরুলের বক্তব্যকে অগণতান্ত্রিক ও অনভিপ্রেত উল্লেখ করে জামায়াতের সেক্রেটারি জেনারেল বলেন, বিএনপির মহাসচিব বাংলাদেশ জামায়াতে ইসলামীকে পুরোপুরি রাজনৈতিভাবে নির্মূল করার হুমকি দিয়ে যে অসাংবিধানিক, অনাকাঙ্ক্ষিত এবং অশোভন বক্তব্য দিয়েছেন, আমি তার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। তিনি বলেন, বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর রাজনৈতিকভাবে নির্মূল করার হুমকি দিয়ে যে বক্তব্য দিয়েছেন, তা গণতন্ত্রের ভাষা নয়। এ ধরনের অনাকাঙ্ক্ষিত বক্তব্য দিয়ে তিনি পতিত আওয়ামী ফ্যাসিবাদীদের ভাষায় কথা বলেছেন, যা মোটেই সমীচীন নয় এবং অত্যন্ত দুঃখজনক। তার মতো দায়িত্বশীল নেতার কাছ থেকে দেশবাসী এ ধরনের রাজনৈতিক শিষ্টাচারবহির্ভূত বক্তব্য আশা করে না। তার এই বক্তব্য অতীতের মতো দেশকে সহিংসতা ও উসকানিমূলক নৈরাজ্যের দিকে ঠেলে দেওয়ার ইঙ্গিত বহন করে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ রিহাব)

# রেডিও টুডে

## উচ্ছেদ হওয়া হকারদের দ্রুত পুনর্বাসনের নির্দেশ প্রধানমন্ত্রীর

রাজধানী ঢাকার বিভিন্ন সড়ক থেকে উচ্ছেদ হওয়া হকারদের দ্রুত পুনর্বাসনের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশও দেন তিনি। আজ শনিবার দুপুরে তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত এক বৈঠকে এ নির্দেশনা দেওয়া হয়। বৈঠকে স্থানীয় সরকার বিভাগ, ঢাকা উত্তর সিটি করপোরেশন, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ এবং ঢাকা মেট্রোপলিটন পুলিশ-এর ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বৈঠকে প্রধানমন্ত্রী সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থাগুলোর সমন্বয়ে দ্রুত বিকল্প স্থান নির্ধারণের নির্দেশ দেন। তিনি বলেন, উচ্ছেদ হওয়া হকারদের এমন স্থানে পুনর্বাসন করতে হবে, যেখানে তারা স্বাচ্ছন্দ্য ও উৎসাহের সঙ্গে ব্যবসা পরিচালনা করতে পারবেন। সম্প্রতি মিরপুর-১, মতিঝিল, বায়তুল মোকাররম, পল্টন এবং গুলিস্তানসহ রাজধানীর বিভিন্ন এলাকায় সড়ক দখলমুক্ত করতে অভিযান চালিয়ে কয়েক শতাধিক হকার উচ্ছেদ করা হয়। বৈঠকে সিদ্ধান্ত হয়, উচ্ছেদ হওয়া হকারদের জন্য সরকার বিকল্প জায়গা নির্ধারণ করবে। পাশাপাশি, নিবন্ধনের মাধ্যমে হকারদের পরিচয়পত্র প্রদান করা হবে, যাতে তাদের কার্যক্রম সুশৃঙ্খলভাবে পরিচালনা করা যায়। এছাড়া, শিক্ষা প্রতিষ্ঠানকেন্দ্রিক যানজট নিরসনে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার তাগিদ দেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, স্কুল-কলেজে ক্লাস শুরু ও শেষের সময় অনিয়ন্ত্রিত গাড়ি পার্কিংয়ের কারণে সড়কে যানজট তৈরি হয়। এ সমস্যা সমাধানে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর নিজস্ব মাঠের একটি অংশ পার্কিংয়ের জন্য ব্যবহারের পরামর্শ দেন তিনি।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ আসাদ)

## কলেজ ছাত্র রিজওয়ান রশীদের বানানো রেসিং কার চালিয়ে উৎসাহ দিলেন প্রধানমন্ত্রী

কলেজ ছাত্র রিজওয়ান রশীদের বানানো রেসিং কার চালিয়ে তাকে উৎসাহ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। আজ দুপুরে তেজগাঁও কার্যালয় প্রাঙ্গণে গো-কার্টটি পরিদর্শন করেন প্রধানমন্ত্রী। এক পর্যায়ে তাকে উৎসাহ দিতে প্রধানমন্ত্রী নিজেই গো-কার্টটি চালিয়ে দেখেন। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি জাহিদুল ইসলাম রনি এ কথা জানান। উল্লেখ্য, এইচএসসি পরীক্ষার পর নিজের জমানো টাকায় স্থানীয় যন্ত্রাংশ ব্যবহার করে মাত্র এক লাখ টাকায় গো-কার্ট (রেসিং কার) তৈরি করেছেন কলেজ ছাত্র রিজওয়ান রশীদ। মাত্র দুই থেকে তিন মাসের প্রচেষ্টায় তৈরি এই কারটি স্থানীয়ভাবে পরীক্ষিত এবং নিরাপদ ডিজাইনে তৈরি। (রেডিও টুডে ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ আসাদ)

## মেধানির্ভর, আত্মবিশ্বাসী মানবসম্পদ গড়তে চায় সরকার : প্রধানমন্ত্রী

প্রত্যাশিত বাংলাদেশ গড়তে সব রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে মেধাভিত্তিক, দক্ষ ও জনবান্ধব জনপ্রশাসন গড়ে তোলার কোনো বিকল্প নেই বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শনিবার সকালে রাজধানীর নিউ ইস্কাটনে বিয়াম ফাউন্ডেশনের তৃতীয় ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন শেষে এক অনুষ্ঠানে তিনি এই অভিমত ব্যক্ত করেন। তিনি বলেন, বর্তমান সরকার মেধানির্ভর, আত্মবিশ্বাসী, সৃজনশীল ও দায়িত্ববান মানবসম্পদ গড়ে তুলতে বদ্ধপরিকর। শনিবার সকালে রাজধানীর নিউ ইস্কাটনে বিয়াম ফাউন্ডেশনের তৃতীয় ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন শেষে এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। বিয়াম ফাউন্ডেশনের ভূমিকার প্রশংসা করে প্রধানমন্ত্রী বলেন, প্রতিষ্ঠানটির প্রতিষ্ঠা থেকে শুরু করে আজ পর্যন্ত এর অগ্রযাত্রা প্রমাণ করে যে, বিএনপি সরকার বরাবরই দেশ ও জনগণের স্বার্থে একটি সুদক্ষ ও প্রশিক্ষিত জনপ্রশাসন দেখতে চেয়েছে। তিনি বলেন, ভবিষ্যতেও সরকার এই ধারা অব্যাহত রাখতে চায়। জুলাই-আগস্টের ছাত্র-জনতার অভ্যুত্থানের চেতনা স্মরণ করে তারেক রহমান বলেন, "২০২৪ সালের জুলাই-আগস্টের গণ-অভ্যুত্থান আবারও স্পষ্ট করে দিয়েছে যে, এই রাষ্ট্রের প্রকৃত মালিক জনগণ। দীর্ঘদিন ধরে সাধারণ মানুষ একটি জবাবদিহিমূলক, ন্যায়ভিত্তিক এবং জনকল্যাণমুখী শাসনব্যবস্থার প্রত্যাশায় ছিল। বর্তমান সরকার সেই আকাঙ্ক্ষারই প্রতিফলন।" প্রধানমন্ত্রী আরও বলেন, একটি আধুনিক ও সমৃদ্ধ রাষ্ট্র গঠনে আমলাতন্ত্রকে আরও জনমুখী হতে হবে। জনগণের সেবক হিসেবে নিজেদের গড়ে তুলতে প্রশিক্ষণের ওপর বিশেষ গুরুত্বারোপ করেন তিনি। ভিত্তিপ্রস্তর স্থাপন শেষে তিনি বিয়াম ফাউন্ডেশনের কার্যক্রম পরিদর্শন করেন এবং কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় করেন। অনুষ্ঠানে সরকারের ঊর্ধ্বতন কর্মকর্তা, মন্ত্রিসভার সদস্য এবং বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ আসাদ)

## জাতিসংঘে বাংলাদেশের কূটনৈতিক সাফল্য, বায়ো-ইকোনমি রেজুলেশন গৃহীত

ব্যাংককে অনুষ্ঠিত জাতিসংঘের এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের অর্থনৈতিক ও সামাজিক কমিশন এসকাপের ৮২তম অধিবেশন গতকাল শুক্রবার শেষ হয়েছে। অধিবেশনে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী ফকির মাহবুব আনামের নেতৃত্বে টেকসই বায়ো-ইকোনমি বা জৈব অর্থনীতি বিষয়ক একটি যুগান্তকারী রেজুলেশন গ্রহণে নেতৃত্ব দেয় বাংলাদেশ। শনিবার ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে বলা হয়, এ অর্জন আঞ্চলিক উন্নয়ন অ্যাজেন্ডা নির্ধারণে বাংলাদেশের ক্রমবর্ধমান নেতৃত্বকে আরও সুদৃঢ় করেছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, 'সাপোর্টিং দ্য ট্রানজিশন টুওয়ার্ডস এ সাসটেইনেবল বায়ো-ইকোনমি ইন এশিয়া অ্যান্ড দ্য প্যাসিফিক' শীর্ষক রেজুলেশনটি বাংলাদেশের উদ্যোগে উত্থাপিত হয় এবং সদস্য রাষ্ট্রগুলোর সর্বসম্মত সমর্থনে গৃহীত হয়, যা এ অঞ্চলে বাংলাদেশের কূটনৈতিক সক্ষমতার স্বীকৃতি হিসেবে বিবেচিত হচ্ছে। রেজুলেশনটি বাংলাদেশের জাতীয় অগ্রাধিকার-টেকসই, উদ্ভাবননির্ভর ও অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি অর্জনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। এতে সার্কুলার অর্থনীতি, সম্পদের দক্ষ ব্যবহার এবং বিজ্ঞান ও প্রযুক্তির প্রয়োগের মাধ্যমে অর্থনৈতিক রূপান্তরের ওপর গুরুত্ব দেওয়া হয়েছে। এছাড়া, এশিয়া-প্যাসিফিক অঞ্চলে জ্ঞান বিনিময়, সক্ষমতা বৃদ্ধি, বিনিয়োগ আকর্ষণ এবং টেকসই বায়ো-ইকোনমি ভ্যালু চেইন গড়ে তুলতে আঞ্চলিক সহযোগিতা জোরদারের আহ্বান জানানো হয়েছে। অধিবেশনে বক্তব্যে মন্ত্রী ফকির মাহবুব আনাম বলেন, "বায়ো-ইকোনমি শুধু একটি নতুন ধারণা নয়; এটি জলবায়ু চ্যালেঞ্জ মোকাবিলা, স্থিতিস্থাপকতা বৃদ্ধি এবং অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি নিশ্চিত করার একটি কার্যকর পথ।" বাংলাদেশের এ উদ্যোগে সহ-পৃষ্ঠপোষক হিসেবে ভারত, থাইল্যান্ড, শ্রীলঙ্কা, মালদ্বীপ, নেপাল, ভুটান, চীন, মঙ্গোলিয়া, আর্মেনিয়া ও কাজাখস্তানসহ বিভিন্ন দেশ সমর্থন দিয়েছে, যা টেকসই উন্নয়নের লক্ষ্যে আঞ্চলিক ঐকমত্যের প্রতিফলন।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ আসাদ)

## বাংলাদেশসহ ৭৫ দেশের অভিবাসী ভিসা স্থগিত করলো যুক্তরাষ্ট্র

বাংলাদেশসহ ৭৫টি দেশের নাগরিকদের জন্য অভিবাসী ভিসা দেওয়ার প্রক্রিয়া স্থগিত করেছে যুক্তরাষ্ট্র। শনিবার সকালে ঢাকায় অবস্থিত মার্কিন দূতাবাসের ভেরিফায়েড ফেসবুকে দেওয়া এক বার্তায় এ তথ্য জানানো হয়েছে। মার্কিন দূতাবাস জানায়, ৭৫টি দেশের নাগরিকদের জন্য অভিবাসী ভিসা প্রদান স্থগিত করেছে ডিপার্টমেন্ট অব স্টেট, যার মধ্যে বাংলাদেশও রয়েছে। এসব দেশের অভিবাসীদের মধ্যে যুক্তরাষ্ট্রের করদাতাদের ব্যয়ে সরকারি সহায়তা গ্রহণের হার বেশি। তবে, এই স্থগিতাদেশ পর্যটক ও শিক্ষার্থী ভিসাসহ অনভিবাসী ভিসার ক্ষেত্রে প্রযোজ্য নয়। মার্কিন পররাষ্ট্র দপ্তরের নথি অনুযায়ী, যুক্তরাষ্ট্রে গিয়ে সরকারি সহায়তা নিতে পারেন, এমন ব্যক্তিদের যাওয়া ঠেকাতে

আবেদনকারীদের যাচাই-বাছাই প্রক্রিয়া পুনর্মূল্যায়ন করা হবে। এটি না হওয়া পর্যন্ত অভিবাসী ভিসা দেওয়ার প্রক্রিয়া স্থগিত থাকবে। ২০২৬ সালের ২১ জানুয়ারি থেকে বাংলাদেশসহ ৭৫টি দেশের নাগরিকদের জন্য অভিবাসী ভিসা দেওয়া বন্ধ রেখেছে স্টেট ডিপার্টমেন্ট। (রেডিও টুডে ওয়েবে পেজ:২৫.০৪.২০২৬ আসাদ)

## ২৪ ঘণ্টায় হাম উপসর্গে ১১ জনের মৃত্যু

দেশজুড়ে উদ্বেগজনক হারে বাড়ছে হামে আক্রান্ত শিশুর সংখ্যা। সংক্রমণের এই ঊর্ধ্বগতির মধ্যেই গত ২৪ ঘণ্টায় হাম উপসর্গ নিয়ে আরও ১১ জনের মৃত্যু হয়েছে। তবে, ২৩ ঘণ্টায় নিশ্চিত রোগে মৃত্যুর সংখ্যা শূন্য। শনিবার স্বাস্থ্য অধিদপ্তরের কন্ট্রোল রুম থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। মাঠ পর্যায়ের চিত্র বলছে, সংক্রমণের তীব্রতা বাড়ার অন্যতম কারণ হাসপাতালের ভেতরে ও বাইরে পর্যাপ্ত আইসোলেশন বা পৃথক রাখার ব্যবস্থার অভাব। আক্রান্ত শিশুদের মাধ্যমেই এই রোগ দ্রুত অন্যদের মধ্যে ছড়িয়ে পড়ছে। বিশেষ করে, হাসপাতালে শয্যা সংকটের কারণে আক্রান্ত শিশুদের সাধারণ রোগীদের কাছাকাছি থাকতে হচ্ছে, যা নতুন করে সংক্রমণের ঝুঁকি তৈরি করছে। জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা মনে করছেন, দ্রুত আইসোলেশন নিশ্চিত করা না গেলে পরিস্থিতি আরও নিয়ন্ত্রণের বাইরে চলে যেতে পারে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্যমতে, গত ১৫ মার্চ থেকে ২৫ এপ্রিল সকাল ৮টা পর্যন্ত মোট সন্দেহভাজন রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ৩০ হাজার ৬০৭ জনে। এর মধ্যে ৪ হাজার ৪৬০ জনের হাম নিশ্চিত হয়েছে। এ পর্যন্ত সন্দেহভাজন ও নিশ্চিত মিলিয়ে ২০ হাজার ৪৭৫ জন রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। আর ১৭ হাজার ৮১ জন চিকিৎসা শেষে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন। প্রাদুর্ভাব শুরুর পর থেকে এখন পর্যন্ত হামে আক্রান্ত হয়ে ৪২ জন মারা গেছেন। আর হামের উপসর্গ নিয়ে প্রাণ হারিয়েছেন ২০৯ জন। বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় সারা দেশে নতুন করে ১ হাজার ৫৮ জন সন্দেহভাজন হাম রোগী শনাক্ত হয়েছে। আক্রান্তদের বড়ো একটি অংশই শিশু। হাসপাতালগুলোতে ক্রমাগত রোগীর চাপ বাড়তে থাকায় চিকিৎসাসেবা দিতে হিমশিম খাচ্ছেন চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীরা। (রেডিও টুডে ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ আসাদ)

## ১৫ ঘণ্টা চালু থাকার পর আবার বন্ধ বড়পুকুরিয়া তাপ বিদ্যুৎকেন্দ্র

১৫ ঘণ্টা চালু থাকার পর যান্ত্রিক ত্রুটির কারণে ফের বন্ধ হয়ে গেছে দিনাজপুরের পার্বতীপুরে অবস্থিত বড়পুকুরিয়া কয়লাভিত্তিক তাপবিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিট। বয়লারের টিউব ফেটে যাওয়ায়, আজ শনিবার বেলা সাড়ে ১১টার দিকে ১২৫ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন ইউনিটটির উৎপাদন বন্ধ করা হয়। এতে কেন্দ্রটির বিদ্যুৎ উৎপাদন পুরোপুরি বন্ধ হয়ে গেছে। বিষয়টি নিশ্চিত করেছেন বড়পুকুরিয়া তাপ বিদ্যুৎকেন্দ্রের প্রধান প্রকৌশলী আবু বক্কর সিদ্দিক। তিনি বলেন, বয়লারের টিউব ফেটে যাওয়ার কারণে ইউনিটটির উৎপাদন বন্ধ করতে হয়েছে। বয়লারের বাষ্প ঠাণ্ডা হতে সময় লাগবে। সব মিলিয়ে মেরামতে পাঁচ থেকে ছয়দিন সময় লাগতে পারে। এর আগে, আগে বুধবার রাত ১০টার দিকে ১২৫ মেগাওয়াট উৎপাদন ক্ষমতাসম্পন্ন ১নং ইউনিটটি বন্ধ হয়ে যায়। এতে তাপ বিদ্যুৎকেন্দ্রের তিনটি ইউনিটের সবকটিরই উৎপাদন কার্যক্রম বন্ধ হয়ে যায়। ফলে বিদ্যুৎ বিভ্রাটে পড়ে দিনাজপুরসহ উত্তরের ৮ জেলা। তার দীর্ঘ ৪৬ ঘণ্টা পর শুক্রবার রাত ৮টার দিকে ইউনিটটি আবার উৎপাদনে ফেরে। তবে অল্প সময়ের মধ্যেই আবার যান্ত্রিক ত্রুটিতে সেটি বন্ধ হয়ে গেল। (রেডিও টুডে ওয়েবে পেজ:২৫.০৪.২০২৬ আসাদ)

## কাস্টমস কর্মকর্তার মরদেহ মিলল ফুটপাতে

চট্টগ্রাম থেকে ঢাকায় ফেরার পথে নিখোঁজ কাস্টমস কর্মকর্তা বুলেট বৈরাগীর মরদেহ ১২ ঘণ্টা পর উদ্ধার করা হয়েছে। শনিবার সকাল ৮টার দিকে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের কোটবাড়ি এলাকার আইরিশ হোটেলের পাশের ফুটপাত থেকে তার মরদেহ উদ্ধার করে ময়নামতি হাইওয়ে থানা পুলিশ। নিহত বুলেট বৈরাগীর বাড়ি গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায়। কুমিল্লা কাস্টমসের বিবির বাজার স্থলবন্দরের সহকারী রাজস্ব কর্মকর্তা হিসেবে চাকরি করতেন তিনি। পরিবার নিয়ে থাকতেন রাজাগঞ্জ পানপট্টি এলাকার ভুঁইয়া হেরিটেজ নামে ভাড়া বাসায়। তার ৯ মাস বয়সি এক মেয়ে রয়েছে। (রেডিও টুডে ওয়েবে পেজ:২৫.০৪.২০২৬ আসাদ)

## মোবাইল রিচার্জে কর কমানো নিয়ে সরকারের উদ্যোগ

মোবাইল ফোনে রিচার্জের ১০০ টাকার মধ্যে ৩৮ টাকা কর বাবদ কেটে নেওয়া ঠিক হচ্ছে না বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি উপদেষ্টা রেহান আসিফ আসাদ। তবে, এ নিয়ে সরকার কাজ শুরু করেছে বলেও জানান তিনি। শনিবার টেলিকম পলিসি নিয়ে রাজধানীর তেজগাঁওয়ে একটি হোটেলে আয়োজিত সেমিনারে তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রীর উপদেষ্টা বলেন, দেশের গরিব মানুষের কাছ থেকে ১০০ টাকার মোবাইল রিচার্জে সরকার সরাসরি ৩৮ টাকা কর বাবদ কেটে নিচ্ছে, এটা ঠিক না। টেলিকম সেবায় আরোপিত ট্যাক্স-ভ্যাট কমানো নিয়ে সরকার এরই মধ্যে কাজ শুরু করছে। তিনি বলেন, দেশের ৯০ শতাংশ মানুষকে ফাইভ-জি সেবার আওতায় আনতে চায় সরকার। একইসঙ্গে ন্যূনতম ১০০ এমবিপিএস গতির ব্রডব্যান্ড ইন্টারনেট সেবাও নিশ্চিত করতে চাই। স্বীকার করে প্রধানমন্ত্রীর তথ্যপ্রযুক্তি উপদেষ্টা বলেন, গ্রাহক মোবাইল সার্ভিস নিতে অর্থ ব্যয় করেও কাঙ্ক্ষিত সেবা পাচ্ছে না, এটা আমাদের ব্যর্থতা। ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে মোবাইল ফোন সেবায় সম্পূরক শুল্ক ১৫ শতাংশ থেকে বাড়িয়ে ২০ শতাংশ করা হয়। এর সঙ্গে কার্যকরী ভ্যাট ১৮ শতাংশ এবং সারচার্জ আছে ১ শতাংশ। এ

ছাড়া সিম কর, রাজস্ব ভাগাভাগিসহ অন্যান্য কর মিলিয়ে ১০০ টাকার রিচার্জে সাড়ে ৫৪ টাকা নিত সরকার। তবে, ছয় মাসের ব্যবধানে গত বছরের জানুয়ারিতে মোবাইল ফোনে কথা বলা কিংবা ডাটা ব্যবহারে আবারও খরচের বোঝা ১৮ কোটি ৮৭ লাখ সিম কার্ডধারীর কাঁধে চাপায় অন্তবর্তী সরকার। ৩ শতাংশ বাড়ানো হয় সম্পূরক শুল্ক। সম্পূরক শুল্ক ২০ শতাংশ থেকে বাড়িয়ে ২৩ শতাংশ করার সিদ্ধান্ত নেয় এনবিআর। এতে ১০০ টাকায় ৫৬ টাকার বেশি কর দিতে হচ্ছে গ্রাহককে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৫.০৪.২০২৬ আসাদ)

# BBC

**SEVEN DEAD IN MAJOR RUSSIAN ATTACK ON UKRAINE**

At least seven people were killed in Russian strikes across Ukraine overnight, including five in the central city of Dnipro, where officials said an apartment building was hit. Ukrainian President Volodymyr Zelensky said the latest attack lasted "practically all night", while rescue workers were still searching for survivors under rubble in Dnipro on Saturday morning. British jets were scrambled from Romania during the heavy attack when Russian drones were detected near the border, though the UK Ministry of Defence rejected a report it had shot some down. Meanwhile, Ukraine carried out some of its longest-distance drone strikes deep inside Russian territory. In Yekaterinburg, almost 1,000 miles (1,600km) from Ukraine's border, the governor said six people were injured when a building was struck - while in nearby Chelyabinsk, a local leader said drones targeting an industrial facility were intercepted. Russian missiles and drones also targeted the northern city of Chernihiv, where officials said two people were killed, as well as Odesa and Kharkiv. Ukrainian authorities said they repelled the vast majority of the more than 600 Russian drones, which appears to have been the largest attack in several days. Zelensky wrote on social media: "The Russians' tactics have not changed: strike drones, cruise missiles, and a significant amount of ballistics. (BBC Web page : 25.04.2026 Ali Ahmed)

**PALESTINIANS IN WEST BANK AND SOME IN GAZA VOTE IN LOCAL ELECTIONS**

Palestinians are voting in local elections on Saturday, including the first poll of any kind to be held in Gaza since 2006. Elections are taking place across the occupied West Bank, as well as in Deir al-Balah in central Gaza where Hamas operates. Hamas was not allowed to stand and several other factions have boycotted it over a requirement that candidates recognise the authority of the Palestinian Liberation Organisation (PLO), which dominates the Palestinian Authority (PA) governing the parts of the occupied West Bank not under Israeli control. Fatah, the faction led by President Mahmoud Abbas and which dominates the PLO, was violently ousted from Gaza after the last elections there, which Hamas won triggering a power struggle between the two groups. More than a million voters across the Palestinian territories are eligible to take part, according to the Ramallah-based Central Elections Commission, including 70,000 in Deir al-Balah, where 12 polling stations were scheduled to operate. Results are expected late on Saturday or on Sunday. While Hamas was not on the ballot in Deir al-Balah, Reuters news agency reported that one slate of candidates was widely seen as being aligned with it. (BBC Web page : 25.04.2026 Ali Ahmed)

**'WE CRIED TOGETHER': TRUMP'S DEPORTATION DRIVE FORCES TOUGH DECISIONS FOR COUPLES**

Janie Pérez found it strange that her husband called her just a few minutes after leaving the house on his way to work. When she picked up the phone, she learned why. "I think ICE is here," her husband, Alejandro Pérez, said, referring to agents from the US Immigration and Customs Enforcement agency. "We started praying," Janie recalls, while in the background she heard the immigration agents arresting him. At that moment, Janie - whose maiden name is Hughes - understood her life would change forever. But she did not imagine she would end up living in Mexico with her husband and their two young daughters. The American woman, who does not speak Spanish, admits it's been difficult to start from scratch in an unfamiliar country. She does not regret the move, however. "There is nothing more important than being together." (BBC Web page : 25.04.2026 Ali Ahmed)

**FALKLANDS VETERAN HOPES KING CAN PERSUADE TRUMP TO 'BACK DOWN'**

Falklands War veteran Simon Weston has said he hopes King Charles III can convince US President Donald Trump to "back down" over reports the US could review its position on the UK's claim to the territory. Weston told BBC Newsnight that Trump's "hissy fit" over the sovereignty of the islands "makes our sacrifice feel slightly irrelevant". An internal Pentagon email reported by Reuters suggested the US was considering options to punish Nato allies it

believed had failed to support its war on Iran. BBC News has not been able to review the email. Downing Street said that sovereignty of the Falkland Islands "rests with the UK" and that the islanders' right to self-determination was paramount. The report regarding the US position emerged three days before King Charles and Queen Camilla's state visit to the US. Weston said he hoped the monarch could persuade Trump to "back down and calm down" over the islands, which have been under British rule since 1833.
(BBC Web page : 25.04.2026 Ali Ahmed)

**KATYA ADLER: EUROPE'S NATO ALLIES PUSH BACK AT REPORTED US THREAT TO SPAIN**

It's become a joke - through gritted teeth - these days in EU circles, that whenever leaders meet, as they did these last two days in Cyprus - expecting to discuss practicalities, such as the new EU budget - they get railroaded by yet another crisis. There is the ongoing energy crisis provoked by the US-Israel war on Iran, Russia's aggression in neighbouring Ukraine, now in its fourth year. And this Friday morning, souring relations between Europe and the United States, along with a potentially devastating defence impact, reared its Medusa-like head. Again. "No worries," Spain's determined-to-appear-calm prime minister, Pedro Sanchez, said to waiting journalists as he arrived at the leaders' summit. "We are fulfilling our obligations toward Nato." What did he feel compelled to say he wasn't fretting about? An email, originating from the US Pentagon and first reported by Reuters on Friday had leaked, suggesting measures for the US to punish allies it believed had failed to support the US-Israel campaign against Iran. The email said the US could seek to suspend Spain from Nato over its stance. There is actually no provision in the Nato treaties to expel a member country. And any action to bar Spain from filling key civilian or military roles in Nato, also alluded to in the email as possible punitive action, would have to be taken unanimously amongst all Nato members. (BBC Web page : 25.04.2026 Ali Ahmed)

**TWO KILLED IN STRIKE ON ALLEGED DRUG BOAT IN PACIFIC OCEAN, US MILITARY SAYS**

The US military has conducted another strike on an alleged drug smuggling boat in the eastern Pacific Ocean, killing two people, US Southern Command said. Southern Command, whose area of responsibility includes South America, Central America and the Caribbean, announced the strike in a post on X on Friday. "Intelligence confirmed the vessel was transiting along known narco-trafficking routes in the Eastern Pacific and was engaged in narco-trafficking operations," the officials said. The incident is the latest in a series of US strikes on alleged drug trafficking boats since the Trump administration launched its campaign in September. Southern Command said "two male narco-terrorists" were killed in the action, and no US military forces were harmed. "On April 24, at the direction of [Southern Command] commander Gen. Francis L Donovan, Joint Task Force Southern Spear conducted a lethal kinetic strike on a vessel operated by Designated Terrorist Organizations," the unit said in its post on X. (BBC Web page : 25.04.2026 Ali Ahmed)

## :: THE END ::